# একক ৪৭ ❒ গণনাট্য আন্দোলন ঃ নবান্ন — বিজন ভট্টাচার্য

গঠন


৪৭.১ উদ্দেশ্য

৪৭.২ প্রস্তাবনা

৪৭.৩ বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত জীবনকথা

৪৭.৪ (ক) গণনাট্য আন্দোলন কি ও কেন?

(খ) গণনাট্য আন্দোলন এবং নবান্ন।

৪৭.৫ সারাংশ

৪৭.৬ অনুশীলনী ১

৪৭.৭ মূলপাঠ ১ : নবান্ন — প্রথম অঙ্ক

৪৭.৮ সারাংশ

৪৭.৯ মূলপাঠ ২ ·. নবান্ন — দ্বিতীয় অঙ্ক

৪৭.১০ সারাংশ

৪৭.১১ মূলপাঠ ৩ ·. নবান্ন — তৃতীয় অঙ্ক

৪৭.১২ সারাংশ

৪৭.১৩ মূলপাঠ ৪ : নবান্ন — চতুর্থ অঙ্ক

৪৭.১৪ সারাংশ

৪৭.১৫ অনুশীলনী ২

৪৭.১৬ উত্তর-সংকেত

৪৭.১৭ নির্বাচিত পাঠ্যগ্রন্থ


## ৪৭.১ উদ্দেশ্য

বিজন ভট্টাচার্যের 'নবান্ন নাটকটি পাঠের মধ্য দিয়ে আপনি নতুন ধারার সৃষ্টিকারী নাটক ও নাট্যকার সম্পর্কে জানবেন। এই এককটি পাঠ করলে বাংলা নাটক ও রঙ্গমঞ্চের যুগান্তর সৃষ্টিকারী 'নবান্ন' নাটকের সঙ্গে পরিচিত হতে পারবেন।

- পরিশেষে জানবেন, 'নবান্ন নাটক সৃষ্টির প্রেরণা ও অভিনয়ের উদ্যোগের উৎসটি।
- 'নবান্ন' নাটক ও তার উপস্থাপনা শুধুমাত্র নতুনতর আর্ট হিসেবেবেই প্রশংসনীয় ছিলনা, দুঃস্থ ও নিপীড়িত মানুষের প্রতি বেদনা জাগাতে সবিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

- নবান্ন নাটকের মধ্য দিয়ে এটি উপলব্ধি করবেন, এটি কোন ব্যক্তি কেন্দ্রিক জীবনবৃত্ত নয়, যুগ পরিবেশজাত জীবনের কথা।
- 'নবান্ন' ব্যক্তি জীবনবৃত্ত থেকে গোষ্ঠী জীবনকথা হয়ে উঠতে পেরেছে বলেই এ নাটক গণনাট্য।
- এ নাটক ভারত তথা বাংলাদেশের এক বিশেষ রাজনৈতিক, সামাজিক ও প্রাকৃতিক বিপর্যয়ের প্রেক্ষাপটে রচিত (১৯৪২-এর আগস্ট আন্দোলন এবং মেদিনীপুর ও ২৪ পরগনায় ১৬ অক্টোবর সাইক্লোন ও বন্যা)।
- এ নাটকের পটভূমিতে আছে সন ১৩৫০-এর কুখ্যাত মন্বন্তর জনিত সঙ্কট (১ম অঙ্ক, ৫ম দৃশ্য) এবং তা থেকে উত্তরণের দিশা।
- নবান্ন এদিক থেকে হয়ে উঠেছে দুর্গতি ও প্রতিরোধের নাটক। নবান্ন গণনাট্যের একটি বিশিষ্ট তাৎপর্যপূর্ণ নাটক।

## ৪৭.২ প্রস্তাবনা

ইতোপূর্বে আপনি বাংলা নাটকের ইতিহাসের একটি সংক্ষিপ্ত পরিচয় এবং দুটি নাটক পাঠের অভিজ্ঞতা অর্জন করেছেন। 'নীলদর্পণ' নাটকের প্রেক্ষাপট বাংলার গ্রাম ও তার দরিদ্র অসহায় কৃষক সমাজ—তাদের জীবনযাপনে সমস্যা সঙ্কট, ইংরেজ কুঠিয়ালদের শাসনপীড়ন, তাদের নায়েব-গোমস্তা পাইকদের অত্যাতারের পরিচয় পেয়েছেন। নাটকটি বসু পরিবারের পারিবারিক সীমায় আবদ্ধ হয়ে পড়ায় কৃষকের সম্মিলিত শক্তি এখানে সংহত গণ আন্দোলনের পর্যায়ে পৌঁছাতে পারেনি। অতিনাটকীয় উপাদানে নাটকের শেষ পরিণতি ঘটেছে।

'রথের রশি' (১৩৩৯) নাটকে আমরা প্রথম জনজাগরণের আভাস পেয়েছি। দেখেছি সভ্যতার রথ জনতার হাতের টানে উঁচুনিচু পথকে সমান করে স্বচ্ছন্দ গতিতে চলেছে। রবীন্দ্রনাটকের রূপক সাংকেতিক নাটকের এই প্রগতি ধারণা পরবর্তীকালে গণনাট্য সংঘের বাস্তব ভিত্তিকে প্রতিষ্ঠিত করেছে। গণনাট্যের মূল আদর্শ ও লক্ষ্য হোল : 'People' বা 'গণ' অর্থে সমাজের বৃহত্তর অংশ—শ্রমিক কৃষক মেহনতি মানুষের স্বাধীনতা, সামাজিক অর্থনৈতিক ন্যায়বিচার ও শিল্প-সংস্কৃতি চর্চার গণতান্ত্রিক পরিবেশ। মানুষের জীবনধারণের ন্যূনতম প্রয়োজনের কথা শিল্প সংস্কৃতি কর্মীরা তাঁদের নাটক গানে কবিতায় আলোচনা ও প্রচার করবার মঞ্চ হিসাবে গণনাট্য সংঘকে গড়ে তুলেছিলেন। 'নবান্ন', ২৪শে অক্টোবর, ১৯৪৪ গণনাট্য সংঘের পতাকাতলে অভিনীত হয়। নাটকটি ১৯৪২ ভারত ছাড়ো আন্দোলনের প্রেক্ষাপটে তদানীন্তনকালে দেশের শোষিত কৃষক মধ্যবিত্তের জীবনের বঞ্চনা ও শোষণের চিত্র নিয়ে হাজির হয়েছিল। নাটকটির অভিনয় চতুর্দিকে সাড়া তুলেছিল।

আপনি এ হেন ঐতিহাসিক দিক থেকে গুরুত্বপূর্ণ এই নাটকটির পূর্ণাঙ্গরূপ বর্তমান এককে পড়বেন। নাটকটি সমগ্রত পড়ার পর, আপনি নাটকটির বিষয়বস্তু, চরিত্রচিত্রণ, উপস্থাপনা নিজেই মূল্যায়ন করতে পারবেন।

## ৪৭.৩ বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত জীবনকথা

'নবান্ন'-র নাট্যকার বিজন ভট্টাচার্যের জন্ম ১৭ই জুলাই, ১৯১৫ খ্রিস্টাব্দে ফরিদপুর জেলার (বর্তমান বাংলাদেশ) খানখানপুর গ্রামে। পিতা ক্ষীরোদ বিহারী ভট্টাচার্য পেশায় শিক্ষক ছিলেন। তাঁর আদর্শ জীবনযাত্রা, সাহিত্য ও সংগীতপ্রীতি এবং শেক্সপীয়র-চর্চায় অনুরাগ বিজন ভট্টাচার্যের ওপর প্রভাব বিস্তার করেছিল। পিতার সঙ্গে নানা স্থানে পরিভ্রমণ কালে গ্রামের মানুষদের দৈনন্দিন জীবন ও তাঁদের আঞ্চলিক ভাষার সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ ঘটেছিল। এখানে যাত্রা, কথকতা ও মেলায় অংশগ্রহণ করায় বিজন ভট্টাচার্যের গ্রামজীবন সম্পর্কে অভিজ্ঞতার ভাণ্ডার ছিল অতিশয় সমৃদ্ধ। মহিষবাথানে লবণ সত্যাগ্রহে তিনি অংশগ্রহণ করেন। ১৯৩০ খ্রিস্টাব্দে তিনি আশুতোষ কলেজে পরে রিপন (বর্তমান সুরেন্দ্রনাথ) কলেজে ভর্তি হন। ১৯৩১-৩২-এ শরীর-চর্চা, জাতীয় আন্দোলন, পরে ছাত্র আন্দোলনে সক্রিয় কর্মী ছিলেন। অবসর সময়ে আলোচনা, ফিচার ও স্কেচ লিখতেন। দ্বিতীয় মহাযুদ্ধের সময় মাতুল সত্যেন্দ্রনাথ মজুমদার প্রতিষ্ঠিত 'অরণি' পত্রিকায় যোগ দিয়ে গল্প ছাড়াও নানা বিষয়ে লিখতেন। রেবতী বর্মনের সাম্যবাদ সম্পর্কিত বই পড়ে কমিউনিস্ট মতবাদের প্রতি আকৃষ্ট হয়ে ১৯৪২-এ কমিউনিস্ট পার্টিতে যোগ দিয়ে সর্বক্ষণের কর্মী হন। অনিয়মিত জীবনযাপন ও অযত্নে তিনি ক্ষয়রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ছিলেন। ১৯৪২-এর 'ভারত-ছাড়' আন্দোলন, 'জনযুদ্ধ' নীতির প্রচার এবং ফ্যাসী বিরোধী লেখক ও শিল্পী সঙ্ঘ স্থাপন এবং সেখান থেকে প্রগতি লেখক ও শিল্পী সঙ্ঘ ও ভারতীয় গণনাট্য সঙ্ঘ (IPTA) গঠন-এ তাঁর সক্রিয় ভূমিকা ছিল। তাঁর প্রথম নাটক 'আগুন' (১৯৪৩)। বিনয় ঘোষের 'ল্যাবরেটরী'র তিনি নাট্যরূপ দেন। এগুলি অভিনীত হয়। এরপর তাঁর নাটক 'জবানবন্দী' অরণি'তে প্রকাশিত হয় আর দুর্ভিক্ষ ও মন্বন্তরের পরিপ্রেক্ষিতে রচনা করেন 'নবান্ন'। এটি ২৪ অক্টোবর, ১৯৪৪-এ আই. পি. টি. এ. কর্তৃক শ্রীরঙ্গম মঞ্চে অভিনীত হয়। নাটকটিতে তিনি প্রধান সমাদ্দারের ভূমিকায় অভিনয় করেন। ইত্যবসরে ১৯৪৩-এ তিনি খ্যাতনামাকবি ও গল্পলেখক মনীষ ঘটকের কন্যা, লেখিকা মহাশ্বেতা দেবীকে বিয়ে করেন, তবে তা বেশিদিন স্থায়ী হয়নি। ১৯৪৬-এর দাঙ্গায় পটভূমিকায় বিজন ভট্টাচার্য 'জীয়নবন্যা' লেখেন। 'মরাচাঁদ' নাটকে পবন বাউলের ভূমিকায় উদ্দীপনামূলক গান গেয়ে সবিশেষ খ্যাতির অধিকারী হয়েছিলেন। ১৯৪৮-এ তিনি মতান্তরের কারণে গণনাট্য সঙ্ঘ ছেড়ে বোম্বাই চলে যান জীবিকার অন্বেষণে। সেখানে তিনি কয়েকটি ছবিতে অভিনয় করেন এবং কয়েকটি চিত্রনাট্য রচনা করে দেন। ১৯৫০-এ কোলকাতায় ফিরে 'ক্যালকাটা থিয়েটার গ্রুপ' প্রতিষ্ঠা করে প্রায় ২০ বছর ধরে নাটক লিখে, অভিনয় করে, নাটক পরিচালনা করে জীবন ধারণ করেছেন। দেবী দুর্গার রূপকাশ্রয়ে জোতদারের বিরুদ্ধে কৃষকের সম্মিলিত প্রতিরোধ রচনার জন্য 'দেবীগর্জন', দ্বিতীয় মহাযুদ্ধের পটভূমিকায় 'কলঙ্ক', দেশবিভাগের দরুণ বাস্তুচ্যুত শিক্ষকের জীবন নিয়ে 'গোত্রান্তর' রচনা করেন। জীবনের শেষ অধ্যায়ে তিনি 'ক্যালকাটা থিয়েটার' ছেড়ে 'কবচকুণ্ডল' নামে একটি নাট্যপ্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানেও কয়েকটি নাটক অভিনীত হয়েছে—যেমন, 'কৃষ্ণপক্ষ', 'আজ বসন্ত' প্রভৃতি।

বিজন ভট্টাচার্য উৎপল দত্ত পরিচালিত লিটল থিয়েটার গ্রুপের 'তিতাস একটি নদীর নাম', দিলীপ

রায় নির্দেশিত 'রাজদ্রোহী'-তে অভিনয় করা ছাড়াও 'বাড়ী থেকে পালিয়ে', 'তথাপি', 'মেঘে ঢাকা তারা', 'সুবর্ণরেখা', 'যুক্তি তক্কো আর গপ্পো' প্রভৃতি চলচ্চিত্রেও অভিনয় করেছেন। বস্তুত নাটক, গান, অভিনয় ছিল বিজন ভট্টাচার্যের জীবনের সঙ্গে গভীরভাবে ওতোপ্রোত। তথাপি, বিশৃঙ্খল জীবনযাপন ও হতাশা, তাঁর অসামান্য প্রতিভা সত্ত্বেও শেষ পর্যন্ত সফল সুন্দর জীবন উপকূলে পৌঁছে দিতে পারেনি।

## ৪৭.৪ (ক) গণনাট্য আন্দোলন কি ও কেন?
## (খ) গণনাট্য আন্দোলন ও 'নবান্ন'।

**(ক)** ফরাসী চিন্তাবিদ ও ঔপন্যাসিক রমঁ্যা রল্যাঁ তাঁর থিয়েটার সংক্রান্ত ভাবনা কয়েকটি প্রবন্ধে লিপিবদ্ধ করেন। সেটি গ্রন্থাকারে প্রকাশ হলো, ইংরেজিতে অনুবাদ হয়। অনূদিত গ্রন্থের নাম 'দি পিপ্‌লস্ থিয়েটার', এ দেশে নাম দেওয়া হয়েছে 'গণনাট্য'। বিশ্বযুদ্ধোত্তর রাজনৈতিক পটভূমিকায় য়ুরোপে নাটক ও থিয়েটারের ক্ষেত্রে এই চিন্তাধারা বিরাট আলোড়ন সৃষ্টি করে। চল্লিশের দশকে বৃটিশ-উপনিবেশ ভারতবর্ষের সাংস্কৃতিক ক্ষেত্রে এটি প্রায় অমোঘ অস্ত্র হিসেবে ব্যবহৃত হয়। চল্লিশের এই গণনাট্য আন্দোলন বর্তমানের প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনের হাতিয়ার।

রল্যাঁর মূল বক্তব্য হল প্রায়োগিক শিল্প বা পারফরমিং আর্টকে জনগণের কাছে যেতে হবে, তাঁদের জীবনকে তুলে ধরতে হবে। অর্থাৎ এ থিয়েটার হবে গনগণের জন্য এবং জনগণের দ্বারা পরিচালিত থিয়েটার। তিনি এখানেই থামেননি। তিনি একে রাজনৈতিক কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছিলেন। তাঁর আস্থা, তাঁর বিশ্বাস ও নির্ভরতার কেন্দ্র জনগণ। তিনি বিপ্লবী বুদ্ধিজীবীদের মত বুঝেছিলেন যে কোন সংকট উত্তীর্ণ হ'তে হলে প্রয়োজন ব্যাপক প্রতিরোধ। এই প্রতিরোধ একক প্রচেষ্টায় নয়, ব্যাপক মানুষের অংশগ্রহণের মধ্য দিয়েই সম্ভব। তাই গণনাট্যের নাটক জীবনের জন্য, তার বিষয়বস্তু জনজীবন থেকে আহৃত। চরিত্র সমাবেশে থাকবে সাধারণ মানুষ, কোন বিশেষ ব্যক্তি চরিত্র নয়, সামগ্রিক অভিনয় দক্ষতার ওপর এই নাট্যাভিনয় নির্ভরশীল। সাধারণ দর্শকের মনোরঞ্জন করে, তাঁদের নতুন জীবন-ভাবনায় উদ্বুদ্ধ করা। ফলত এ নাটক বস্তুত উদ্দেশ্যমূলক। তবে এর মূল বক্তব্য উপস্থাপিত হয় আনন্দময় পরিবেশে, জীবন সম্পর্কে রাজনৈতিক সামাজিক অভিজ্ঞতার মধ্য দিয়ে। এ নাটকের মঞ্চ দৃশ্যসজ্জা হবে অতি সাধারণ, সাধারণ মানুষের জীবনানুগ-বাস্তব।

এখন নাটক ও নাট্যাভিনয়ের সঙ্গে আন্দোলন শব্দটা সংযুক্তির তাৎপর্য বুঝে নেওয়ার দরকার। আন্দোলনের দুটি পক্ষ—আন্দোলনকারী ও যাঁর বা যাঁদের বিরুদ্ধে আন্দোলন অর্থাৎ কায়েমী স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি বা সম্প্রদায়। এই প্রসঙ্গে অনিবার্য ভাবে এসে পড়ে আর একটি প্রশ্ন, আন্দোলন কি জন্য? এবং কার জন্য? এ প্রশ্নের উত্তর এই যে, প্রতিষ্ঠিত কোন ব্যবস্থা যা গরিষ্ঠ জনজীবনের পরিপন্থী, তাকে ভেঙে নতুন কিছু গড়বার বা করবার জন্য আন্দোলন। কার জন্য? এ প্রশ্নের উত্তর হ'ল এই যে কায়েমী স্বার্থসম্পন্ন মানুষের বাইরে যে অগণিত জনগণ শহরে গ্রামে গঞ্জে ক্ষেতে খামারে কলে

কারখানায় নানান সাধারণ বৃত্তিতে নিযুক্ত আছে, সেই সব মানুষের পক্ষে বক্তব্য তুলে ধরবার জন্য এই প্রয়াস। সেই দায়িত্ব অবিসংবাদিতভবে এসে পড়ল। তিরিশের দশকের মানুষের কাঁধে। মাঝখানের সময়টাতে দর্শকমণ্ডলী এমন কোন নাটক পায়নি যার মধ্যে নিজের মানসিকতার দুর্গতির সাযুজ্য খুঁজে পেতে পারে—কোন চরিত্রের জীবন যন্ত্রণার সঙ্গো নিজের জীবন যন্ত্রণার সঙ্গো নিজের জীবন যন্ত্রণার সন্ধান পেতে পারে। বস্তুত নাটক জীবনের কাছে দায়বন্ধ। তথাপি একথা বুঝবার বা বোজাবার চেষ্টা হয়নি সমাজের কাছে, মানুষের কাছে, জীবনের কাছে—নতুনত্ব পিয়াসী জনগণের কাছে যে নাটকের দায় ও দায়িত্ব কতখানি। অথচ নাটকের কারবার তো কেবল মাত্র মানুষকে নিয়ে। মানুযে মানুযে সম্পর্ক, মানুষের সঙ্গো সমাজের জীবনের সম্পর্ক নাটকের বিষয়। নাটক মানুষের কথা বলে, জীবন যন্ত্রণা বা জীবন সংগ্রামের ভাষ্যকার সে তাই তার বক্তব্য বিষয় বস্তুত যা নিয়ে তা হ'ল জীবনের সঙ্গো জীবিকার সম্পর্ক, জীবিকার সঙ্গো বঞ্চনার, বঞ্চনার সঙ্গো প্রতিরোধের, প্রতিরোধের সঙ্গো সংগ্রামের বাস্তবসম্মত নিখুঁত চিত্রাঙ্কনের মধ্য দিয়ে জীবনের ইতিবাচক দিকটিকে জনসমক্ষে নিয়ে আসা।

বাংলা নাটকের পেশাদার মঞ্চ এই সম্পর্কের চিত্র অঙ্কন করতে পারেনি। ফলত জীবনবিমুখতা পলায়নবাদিতা, গতানুগতিকতা আর রোমান্টিসিজমের ধূম্রজালের মধ্যে নিমজ্জিত থাকল সে। ইতিমধ্যে এসে গেল আর একটা মহাযুদ্ধ। শুরু হ'ল কালোবাজারী আর মুনাফাখোর মানুষের নৃত্য। কৃষক শ্রমিক মধ্যবিত্ত শোষিত হতে হতে নিঃশেষিত প্রায় হতে লাগল। একদিকে স্বাধীনতা পাবার উদগ্র কামনা, অন্যদিকে শোষণ আর পেষণ থেকে মুক্তির আকুতি দিকে দিকে রণিত হতে লাগল। শুরু হ'ল জীবনের সপক্ষে—শুধু মধ্যবিত্ত নয়, শ্রমজীবী মানুষের অনুকূলে, নাট্য আন্দোলন।

আন্দোলনের আরো সুন্দর যুক্তিগ্রাহ্য ব্যাখ্যা দিয়েছেন ডঃ অজিতকুমার ঘোষ, "আজ যে দেশের মধ্যে সর্বত্র নাটক ও নাট্যাভিনয় সম্পর্কে বিপুল আগ্রহ ও উদ্দীপনা দেখা দিয়াছে, তাহা এই নাট্য আন্দোলনের জন্য সম্ভব হইয়াছে। নাট্য-আন্দোলনে 'আন্দোলন' কথাটি লইয়া অনেকে আপত্তি করিয়াছেন। কিন্তু যখন সমাজের কোনো বৃহৎ অংশ একটি বিশেষ লক্ষ্যস্থানে পৌঁছিবার জন্য সম্মিলিত প্রচেষ্টায় নিযুক্ত হয়, তখনই তো তাহাদের মধ্যে একটি আন্দোলন দেখা যায়। 'আন্দোলন' কথার অর্থই হইল প্রচলিত অবস্থার একটি বলিষ্ঠ প্রতিবাদ এবং কোন এক অপ্রাপ্ত অবস্থার জন্য সক্রিয় সাধনা। ...... প্রাণবান নাটক মঞ্চজগৎ এবং আশ্বাসভরা এক আদর্শ সমাজ সম্বন্ধে অদম্য সাধনাই ইহার মধ্যে নিহিত রহিয়াছে। সেই জন্য আন্দোলন কথাটি সম্পূর্ণ যুক্তিযুক্ত বলিয়াই আমরা গ্রহণ করিতে পারি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের কিছু পূর্ব হইতেই সাধারণ নাট্যশালায় অবসাদ ও অবক্ষয়ের লক্ষণ প্রকটিত হইয়া উঠিতেছিল। ওই সব নাট্যশালাকে যে সব অসাধারণ অভিনেতা তাদের অদ্বিতীয় অভিনয়গুণে বাঁচাইয়া রাখিয়াচিলেন তাহাদের মধ্যে কেহ কেহ পরলোকগমন করিলেন। কেহ কেহ বা রঙ্গামঞ্চ হইতে সাময়িকভাবে অবসর লইলেন। তাহাদের অভাবে রঙ্গামঞ্চের আকর্ষণ একেবারে কমিয়া গেল। মঞ্চপরিচালকরাও আলোক ও দৃশ্যপটের ব্যবহার এবং প্রয়োগরীতির দিক দিয়া তেমন কোন নৈপুণ্য দেখাইতে পারেন নাই, সে জন্য নবাগত সিনেমা-নেশায় উন্মত্ত দর্শকগণ রঙ্গামঞ্চের অভিনয়ের প্রতি

এ সময় বিশেষ কোন আগ্রহ বোধ করেন নাই। সমাজের অবস্থাও দ্রুত পরিবর্তন হইতেছিল। থিয়েটারের নেশামত্ত জমিদার শ্রেণীর অবলোপ ঘনাইয়া আসিতেছিল এবং নূতন যে ব্যবসাদার শ্রেণীর উদ্ভব হইতেছিল, তাহারা থিয়েটার অপেক্ষা চলচ্চিত্র শিল্প অধিকতর লাভজনক দেখিয়া সেদিকে ঝুঁকিলেন। নাট্যশালাকে পুনরুজ্জীবিত করিয়া তুলিতে পারে এমন কোনো বলিষ্ঠ ভাবাশ্রয়ী উদ্দীপনাজনক নাটকও তখন রচিত হইতেছিল না। এইসব নানা কারণে সাধারণ নাট্যশালার অবস্থা তখন শোচনীয় হইয়া উঠিয়াছিল। নাটক ও মঞ্চকে বাঁচাইবার জন্য সাধারণ নাট্যশালার বাইরে তখন নবজীবনবাদী ও অদম্য উৎসাহী একদল নাট্যামোদী যুবকের সংঘবদ্ধ প্রচেষ্টায় নবনাট্য আন্দোলন গড়িয়া উঠিল।"

সমাজ সম্বন্ধে বিপ্লবী মতবাদ এবং নতুন জীবন সম্বন্ধে আশাবাদী ভাবনা প্রথম দেখা গিয়েছিল গণনাট্য সঙ্ঘে। দীর্ঘদিন ধ'রে এই আন্দোলন চলে আসছে। পেশাদারী মঞ্চগুলিও পাশাপাশি পুরাতন ঐতিহ্যকে বজায় রাখবার প্রাণপণ চেষ্টা করে চলেছে এবং দর্শক আকর্ষণের নানান কৌশল প্রয়োগ করে চলেছে। কিন্তু পৃথিবীর বিভিন্ন প্রগতিশীল দেশের সুস্থ সংস্কৃতির ছিন্নপত্র সীমান্ত পেরিয়ে এসে বাংলার যুবমানসের ওপর যে তীব্র প্রভাব ফেলতে শুরু করে সেই সব নবলব্ধ চেতনা একে একে বিস্ফোরণ ঘটায়। কৃষক ও জমিদার-জোতদারের সংগ্রাম, শ্রমিক-মালিকের সংগ্রাম, শোষক ও অত্যাচারী মধ্যবিত্ত এবং খেটে খাওয়া নিম্নমধ্যবিত্ত ও দরিদ্র মানুষের সংগ্রামকে জনসাধারণের কাছে তুলে ধরে বাংলা নাটক ঘনিষ্ঠ হয়ে উঠতে থাকল বাংলার মানুষের সঙ্গে। জীবনের বিশ্বস্ত চিত্র তুলে ধরে বাংলা নাটক বাংলার মানুষের প্রাণের বস্তু হয়ে উঠতে লাগল ক্রমশ।

ভারতীয় গণনাট্য সংঘের মধ্যে দিয়ে এই আন্দোলনের সূচনা হয়েছিল। নাট্যাভিনয়ই প্রধান অংশ ছিল এই গণনাট্য সংঘের। এই সংঘের ভাবনা চিন্তা পেশাদার কোন মঞ্চের ভাবনা চিন্তার অনুসারী ছিল না, তা সম্পূর্ণ আলাদা।

সংগঠিতভাবে 'গণনাট্য' আন্দোলন শুরু হয়েছিল বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটক দিয়ে। সে সম্পর্কে বিস্তারিত আলোচনার পূর্বে গণনাট্য সম্পর্কে কিছু জানার দরকার আছে। তা' না হলে 'নবান্ন' নাটকের ঐতিহাসিক তাৎপর্য বোঝা যাবেনা। 'নবান্ন' এবং 'গণনাট্য' সংঘ একেবারে অঙ্গাঙ্গীভাবে জড়িত। দেশের ইতিহাসের একটি বিশেষ যুগে গণনাট্য আন্দোলন গড়ে উঠেছিল। ভারতের স্বাধীনতা আন্দোলনের একটি স্তরে মার্কসবাদী আদর্শ এবং সংগঠন বিশেষভাবে প্রভাব বিস্তার করে। রুশ বিপ্লবের পরেই এই প্রভাব সারা বিশ্বে ছড়িয়ে পড়তে থাকে। যেমন রাজনীতিতে তেমনই সংস্কৃতি আন্দোলনেও বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদের প্রয়োগ এদেশে শুরু হয়ে যায়। এরই ফলে ১৯৩৫ সালে প্রগতি লেখক সংঘ গঠিত হয়, যার মূল ঘোষণা ছিল 'ভারতবর্ষের নবীন সাহিত্যকে আমাদের বর্তমান জীবনের মূল সমস্যা ক্ষুধা-দারিদ্র্য সামাজিক পরাঙ্মুখতা, রাজনৈতিক পরাধীনতা নিয়ে আলোচনা করতেই হবে। যা কিছু আমাদের নিশ্চেষ্টতা, অকর্মণ্যতা, যুক্তিহীনতার দিকে টানে তাকে আমরা প্রগতিবিরোধী বলে প্রত্যাখ্যান করি। যা কিছু আমাদের বিচার বুদ্ধিকে উদ্বুদ্ধ করে, সমাজব্যবস্থা ও রীতিনীতিকে যুক্তিসম্মতভাবে পরীক্ষা করে, আমাদের কর্মীষ্ঠ শৃঙ্খলাপটু, সমাজের রূপান্তরক্ষম করে—তাকে আমরা প্রগতিশীল বলে গ্রহণ করব।'

এই ঘোষণায় স্পষ্ট বলা আছে—'সাহিত্যেরবিষয় বস্তু কি হবে এবং যা আরো গুরুত্বপূর্ণ তা হচ্ছে

যে কেবলমাত্র রসের বিচারের দ্বারা সাহিত্য বিচার হতে পারেনা। সেই শিল্পজাত রস আমাদের সমাজের রূপান্তর ঘটাতে সাহায্য করে কিনা সেও একটা মানদণ্ড যা তৎকালীন ভারতীয় শিল্পকলা বিচারে এমন দৃঢ় প্রত্যয়ের সঙ্গে ইতিপূর্বে বলা হয়নি।'

এই 'প্রগতি লেখক সংঘ' সারা ভারতে এবং বিশেষ করে বাংলার প্রায় অনেকগুলি জেলায় শাখা বিস্তার করে। নাটক সাহিত্যের এমন একটি অঙ্গ যা নতুন ভাবাদর্শ প্রচারে সক্রিয় এবং অগ্রগামী ভূমিকাপালন করে। আর যেহেতু, অভিনয় যোগ্যতা নাটকের মৌল শর্ত, সেই হেতু দর্শকমণ্ডলীর মধ্যে তা সহজেই ছাপ ফেলতে পারে। 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' কিংবা 'নীলদর্পণ' আমাদের বক্তব্যের সমর্থনে রায় দেবে। ফলে দেশের লেখকদের সামনে একটা নতুন ঢেউ এলো। গল্প কবিতা লেখার সঙ্গে সঙ্গে দেশের ছাত্র, যুবক, অফিসের কেরানী প্রভৃতি শিক্ষিত সচেতন ব্যক্তিরা নাটক লেখা ও অভিনয়ের ব্যবস্থা করতে থাকলেন।

**(খ)** ভারতীয় গণনাট্য সংঘ তার প্রথম বুলেটিনে 'Peoples Theatre Stars the People'— এই বাণী শিরোভূষণ করে যাত্রা শুরু করে। এই সংঘের লক্ষ্য ছিল স্তিমিতপ্রায় সংস্কৃতিকে জাগিয়ে তুলে তাকে প্রাণবন্ত করে জনগণের মধ্যে নিয়ে যাওয়া। প্রভাবে গণসংযোগের মাধ্যমে সভ্যতা ও সংস্কৃতিকে নতুনভাবে সমৃদ্ধ করা সম্ভব হবে। ভারতীয় গণনাট্য সংঘ অবিচলিত দেশপ্রেম নিয়ে এভাবে সাংস্কৃতিক আন্দোলনের পুরোভাগে এগিয়ে এসেছে। গণনাট্যের নাটক তাই সাধারণ নাট্যভাবনা বা নাট্যতত্ত্ব দিয়ে বিচার করা ঠিক হবে না। জীবন্ত ও সচল জীবন ভাবনায় সমৃদ্ধ হয়ে এ নাটককে বিচার করতে হবে সমসাময়িক দেশকাল ও ইতিহাসের প্রেক্ষাপটে। সমাজতান্ত্রিক বাস্তবতার দৃষ্টিভঙ্গি নিয়ে এগুলি লেখা বলে, বিচারও করতে হবে, সে দিকে লক্ষ্য রেখে। যেহেতু এর বিষয়বস্তু নতুন, চিন্তাধারাও স্বতন্ত্র, প্রয়োজনীয় সংঘবদ্ধ প্রয়াস, সর্বোপরি শোষিত ও নিপীড়িত মানুষকে সংগঠিত করার প্রয়োজনে মূল বক্তব্য উপস্থাপিত, এর বিচার প্রচলিত মানদণ্ডে হতে পারেনা।

প্রথম পর্বে Youth Cultural Institution (Y.C.I.) (১৯৪০), পরে গণনাট্য সংঘ যে নাটক ও গল্পের নাট্যরূপ অভিনয় করেছিল ; তা হল অঞ্জনগড় ও কেরাণী এবং ল্যাবরেটরী, আগুন, হোমিওপ্যাথী ও জবানবন্দী। এগুলিতে কৃষক-শ্রমিকের সঙ্গে অবহেলিত শেষিত সাধারণ মানুষ এবং নিম্নবিত্ত-মধ্যবিত্ত সমাজের শোষণ বঞ্চনা তুলে ধরে, তাদের মধ্যে প্রতিবাদ, প্রতিরোধ ও সংগঠনের মাধ্যমে বাঁচবার প্রেরণা সঞ্চার করা হয়েছে। এমনি পরিবেশ পরিস্থিতিতে 'নবান্নে'র জন্য।

নবান্নের পটভূমিতে তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধ, জাপানী আক্রমণ, ভারত ছাড়ো আন্দোলন, প্রাকৃতিক দুর্যোগ, নিম্নবঙ্গে ফসল নষ্ট, সাধারণ মানুষের সীমাহীন দুর্দশা প্রতিকারহীন দুর্ভিক্ষ মন্বন্তর—সর্বস্ব হারিয়ে গ্রাম ছেড়ে মানুষ শহরে ক্ষুধা মেটাতে লঙ্গারখানায় লাইনে দাঁড়িয়ে। ওদিকে লোভী জোতদার মজুতদার ও সাম্রাজ্যবাদী ইংরেজ শাসক খাদ্য গুদামজাত করছে, এদিকে অস্থিচর্মসার ক্ষুধার্ত নারী-পুরুষের নগ্নমূর্তির ছবি ও সেবাশ্রমের আড়ালে নারীদেহ নিয়ে ব্যবসা চলছে রমরমা।

এই ক্রান্তিকালে 'নবান্ন' নাটক অভিনয়ের মধ্য দিয়ে গণনাট্য সংঘ সমগ্র দেশে তো বটেই ইংল্যান্ডেও সাড়া ফেলেছিলো। দেশে বিদেশে সংবাদপত্রে এ নিয়ে আলোচনা সমালোচনা হ'তে থাকে। ইংল্যান্ডের

জনগণ বাংলার এই দুর্ভিক্ষের খবর জানতে পারে। তাঁদের কেউ কেউ গণনাট্য সংঘকে সক্রিয়ভাবে সাহায্যে উদ্যোগী হন।

People's Relief Committee (PRC)-র ব্যবস্থাপনায় গণনাট্য সংঘ মন্বন্তরে পীড়িত মানুষের পাশে দাঁড়িয়ে সার্বিক সহায়তা দান শুধু করেনি, আর্ত জনসাধারণের পাশে দাঁড়িয়ে দেশেরসামাজিক ও রাজনৈতিক আন্দোলন সংঘটিত করে প্রতিকারের ব্যবস্থা করেছে।

## ৪৭.৫ সারাংশ

বর্তমান এককের সূচনায় নাটকের উদ্দেশ্য প্রসঙ্গে বলা হয়েছে এটি একটি অভিনব নাটক যার বিষয়বস্তু, উপস্থাপনা, চরিত্র পরিকল্পনা, দৃশ্যসমাবেশ আলো ও ধ্বনির সুষম বিন্যাসের সাহায্যে ব্যক্তিজীবন সমাজ ও রাষ্ট্রব্যবস্থার একটি বাস্তবসম্মত চিত্র ফুটিয়ে তোলা হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ৪২-এর আন্দোলন, প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ভিক্ষের, দুর্গতির ও প্রতিরোধের ছবি ফুটিয়ে তুলে গণনাট্য আন্দোলনের পথিকৃতের ভূমিকা পালন করেছে।

প্রস্তাবনায় জানানো হয়েছে 'নীলদর্পণ' ও 'রথের রশি'-র অবদানের পরিচয়। ইতিহাসের ধারায় নাটক ক্রমশ পুরাণ, ইতিহাসের সীমা থেকে সাধারণ মানুষের জীবনাশ্রয়ী হয়ে উঠেছে। কালক্রমে এরই স্রোতোধারায় গণনাট্য আন্দোলনের পটভূমিকায় রচিত হয়েছে 'নবান্ন' নাটক।

বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত জীবনকথা থেকে জানা যায়, তাঁর পরিবারে শিক্ষা সংস্কৃতির প্রতি বিশেষ অনুরাগ ছিল। গ্রামীণ যাত্রা, কথকতা, মেলার প্রত্যক্ষ অভিজ্ঞতা গ্রাম্য কথ্যভাষার সঙ্গে তাঁর প্রত্যক্ষ যোগাযোগ ছিল। জাতীয় আন্দোলন, ছাত্র আন্দোলন তাঁকে নাড়া দিয়েছে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় সাংবাদিকতায় হাতেখড়ি। এ সময়েই সাম্যবাদে আকৃষ্ট হয়ে কমিউনিস্ট পার্টিতে যোগদান করে সর্বক্ষণের কর্মী হন। নানা কাজের মধ্যে ভারত ছাড়ো আন্দোলন, জনযুদ্ধনীতি প্রচার, ফ্যাসিস্ট বিরোধী থেকে প্রগতি লেখক শিল্পী সংঘ ও গণনাট্য সংঘ স্থাপন। এই গণনাট্য সংঘের জন্য তাঁর 'আগুন', 'জবানবন্দী', 'নবান্ন' নাটক রচনা। শেষোক্ত নাটকটি তিনি শম্ভু মিত্রের সঙ্গে যৌথভাবে পরিচালনা এবং অভিনয় করেন। শেষ জীবনে, অভিনয়ই তাঁর জীবনধারণের একমাত্র পাথেয় ছিল। হতাশা তাঁকে ঘিরে থাকায়, শেষদিকে তিনি ভগ্ন, রিক্ত বিশৃঙ্খল জীবনযাপন করেছেন।

পরিশেষে মূলপাঠ ১-এ গণনাট্য আন্দোলন ও নবান্ন সম্পর্কে আপনারা জেনেছেন। রম্যাঁ রল্যাঁর 'পিপল্স্ থিয়েটার'-এর ধারণা থেকে এ দেশে গণনাট্যের ধারণার সূচনা চল্লিশের দশকে। এই নাটকের বিষয়বস্তু ও চরিত্র পরিকল্পনা জনজীবন থেকে আহৃত, উপস্থাপনা সহজ, সরল অনাড়ম্বর। তাই সাধারণ নাট্যতত্ত্ব দিয়ে একে বিচার করা ঠিক হবেনা। সমসাময়িক দেশকালের প্রেক্ষাপটে সচল জীবন্ত চরিত্রগুলিকে সমাজ বাস্তবতার দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করতে হবে।

১৯৪০-এর দশকে রচিত গণনাট্যের নাটকগুলি প্রতিবাদ, প্রতিরোধ, সংগঠন ও লড়াইয়ের মধ্য দিয়ে বাঁচবার প্রেরণা জুগিয়েছে। 'নবান্ন' এই ক্রান্তিকালের সৃষ্টি।

## ৪৭.৬ অনুশীলনী ১

১। (ক) আপনার মতে 'নবান্ন' পাঠের প্রধান দুটি উদ্দেশ্য হল—

(খ) বিজন ভট্টাচার্যের প্রথম নাটক—

(গ) নবান্ন নাটকের রচনা কাল—

২। (ক) 'নবান্ন' নাটকের প্রথম অভিনয়—

(খ) 'নবান্ন' নাটকের প্রেক্ষাপটে আছে—

(গ) বিজন ভট্টাচার্য কয়েকটি চলচ্চিত্রে অভিনয় করেছেন, যে কোন দুটি অভিনীত চিত্রের নাম করুন—

৩। **শূন্যস্থান পূরণ করুন ঃ**

বিজন ভট্টাচার্যের 'জবানবন্দী' ——— তে' প্রকাশিত হয়। তাঁর অপর নাটক 'নবান্ন' —— ও ——— পরিপ্রেক্ষিতে রচিত, অভিনীত হয় ——— মঞ্চে।

৪। (ক) গণনাট্য নামকরণের উৎস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) Y.C.I. এবং গণনাট্য সংঘ যে নাটকগুলি অভিনয় করেছিল তার যে কোন তিনটির নাম উল্লেখ করুন।

৫। প্রথম যুগের প্রগতি নাট্য আন্দোলনের বিষয়বস্তু ও মূল লক্ষ্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

## ৪৭.৭ মূলপাঠ ☐ নবান্ন ঃ প্রথম অঙ্ক

**প্রথম দৃশ্য**

দিবাবসানে চরাচর আচ্ছন্ন করে দুর্গত পল্লীর বুকে নেমে আসছে রাত্রি। মঞ্চ প্রায়ান্ধকার। সুদূরের পটভূমি রক্তিম। অস্পষ্ট আলোকে কচ্ছপের পিঠের খোলার আকৃতি একটি মালভূমির ওপর ছায়ামূর্তির মতো দু-চারজন লোকের আনাগোনা লক্ষ্য করা যাচ্ছে। এই দুটো লোক ত্রস্ত অথচ সন্তর্পণে ঢুকে কী যেন সব ফিসফিসিয়ে বলাবলি করল নিজেদের মধ্যে, আবার বেরিয়ে চলে গেল। একটু পরেই আবার এসে ঢুকল যেন আরও কারা। কী সব কথা ফিসফিস করে বলে কয়ে চলে গেল। ছায়ামূর্তিগুলোর হাত-পা নাড়া ও কথা বলার বলিষ্ঠ ধরনে মনে হচ্ছে যেন কী একটা ভীষণ চক্রান্ত চলছে ওদের মধ্যে। হঠাৎ নতুন কোনো কিছুর আহুতি পেয়ে পটভূমিটা আরও রক্তিম হয়ে উঠল ; আর ঊর্ধ্বগতি ধূমকুণ্ডলীর সঙ্গে উড়তে লাগল ছাই আর আগুনের ফুলকি। আগুনের আভায় মালভূমির ওপরকার দুটি অস্পষ্ট ছায়ামূর্তি এবার সুস্পষ্ট হয়ে উঠল দুচোখের সামনে। কালো চেহারার বলিষ্ঠ দুজন লোক। একজন প্রৌঢ়ত্বের ওপারে পৌঁছেছে ঃ আর একজনের বয়স কম—

গোটা ত্রিশ-বত্রিশ। খালি গা, হাঁটু পর্যন্ত কাপড় গোটানো, হাতে গাছলাঠি—শরীরের সমস্ত পেশীগুলো ফুলে উঠেছে উত্তেজনায়।

প্রধান। (হাত তুলে রক্তিম পটভূমির দিকে ইঙ্গিত করে) তা এ সব কিছুর পর, সব কিছুর পর যে দিন আসবে, আমার শ্রীপতি-ভূপতি বলে গেছে রে কুঞ্জ, তার বরন হবে, ও কুঞ্জ তুই চেয়ে দ্যাখ, চেয়ে দ্যাখ, ওই ওই রকম। ওই রকম সোন্দর, ওই রকম নিদারুণ সোন্দর। (অনুকম্পা ও তাচ্ছিল্যভরে হেসে) তিন মরাই ধান। তিন মরাই ধান তুই আমারে কী বলিস্ কুঞ্জ! ...... জীবনটা না দিতে পারলে যে শান্তি নেই তা তো তুই দেখছিস নে। কুঞ্জ, ও কুঞ্জ, আমি প্রাণ দেব রে কুঞ্জ। শত্তুরের মুখে ছাই দিয়ে আমি প্রাণ দেব রে কুঞ্জ। আমি প্রাণ দেব। আমার শ্রীপতি-ভূপতি—

[ নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ ]

কুঞ্জ। (ঠোঁটে আঙুল ছুঁইয়ে) চুপ। টুঁ শব্দ না। ঐ—

প্রধান। চল, চল্ কুঞ্জ আমরা এগিয়ে যাই।

কুঞ্জ। কী এগিয়ে যাই, পাগল না মাথাখারাপ!

প্রধান। মাথাখারাপ!

কুঞ্জ। মাথাখারাপ না তো কী বলব? (নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ) শুনছ ওদিকে, ঐ ঐ আবার—

প্রধান। আবার! আবার! ওরা ক'জনা?

কুঞ্জ। ক'জনা! কী করে বলব ক'জনা! চলো—

প্রধান। চল্ তো গাঙ বরাবর এগিয়ে গিয়ে বেড় দিয়ে ফেলি গে ওদের, ডাক সব ওদের কুঞ্জ।

[ নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ ]

কুঞ্জ। না না না, তা হয় না, তুমি—ঐ, ঐ আবার! চলো পালাই।

প্রধান। পালাব। পালাতে বলছিস তুই!

কুঞ্জ। আ—া—হা—া, তা খামখা জান্ দিয়ে কি কোনো লাভ আছে? চলো, চলো ঐ বনের ভেতরেই পালাই।

প্রধান। (বিলাপের সুরে) আমার অন্তর জ্বলে গেছে রে কুঞ্জ, আমার অন্তর—

কুঞ্জ। (প্রধানকে হাতে ধরে টেনে) তোমারে নিয়ে হয়েছে আমার মহা জ্বালা, বুঝলে, মহা জ্বালা।

[ উভয়ে দ্রুত প্রস্থান ]

[ ত্রস্ত পায়ে বিনোদিনীর প্রবেশ ]

বিনোদিনী। (বিমূঢ়ভাবে) ওমা, এ কী বিপদ হলো, এখন যাই কোথায়।

[ দ্রুত প্রস্থান ]

[ সন্ত্রস্তভাবে নিরঞ্জনের প্রবেশ ]

নিরঞ্জন। (খালি গায়ে ছুটতে ছুটতে) তাই তো—সাংঘাতিক।

[ দ্রুত প্রস্থান ]

[ পঞ্চাননীর প্রবেশ ]

পঞ্চাননী। (লাঠি ভর দিয়ে ত্বরিতপদে) না, শরম-ইজ্জৎ আর থাকল না মেয়েমানষির, শরম-ইজ্জৎ আর থাকল না—

[ দ্রুত প্রস্থান ]

এলো চুলে উন্মাদিনীর মতো ছুটতে ছুটতে সোজা মঞ্চের ওপর দিয়ে রাধিকার দ্রুত প্রস্থান। সন্ধ্যার গোধুলি আলোর মতোই পটভূমির রক্তিম আভা বিষণ্ণ হয়ে এসেছে ইতিমধ্যে। দূরে শঙ্খধ্বনি শোনা যাচ্ছে। প্রায়ান্ধকার মঞ্চের ওপর দিয়ে কয়েক মুহূর্তের জন্যে অনেকগুলো দ্রুত ধ্বনি দূরে মিলিয়ে গেল।

[ কুঞ্জর প্রবেশ ]

কুঞ্জ। (সন্তর্পণে গুঁড়ি মেরে ঢুকে) থাক্ চলে গেছে। এসো, এসো তোমরা সব।

[ প্রধানের প্রবেশ ]

প্রধান। (কব্জির ওপরে ক্ষতস্থানে হাত চেপে) চলে গেছে? চলে গেছে, আবার আসতে কতক্ষণ?

কুঞ্জ। ও কী, রক্ত? কাটল কিসে? দেখি!

প্রধান। (তাচ্ছিল্যভরে ক্ষোভের সুরে) হে, এ রক্তের আবার দাম? এ রক্তের জন্যে আবার মায়া। জন্তু জানোয়ারের মতো বনে জঙ্গলে যাদের পালিয়ে পালিয়ে বাঁচা—ও বেশ হয়েছে কুঞ্জ তুই আমারে ছেড়ে দে।—আমার অন্তর জ্বলে গেছে রে কুঞ্জ, আমার অন্তর—

কুঞ্জ। অন্তর কার জলেনি, আমার না?

প্রধান। (ক্ষুব্ধ স্বরে) জ্বলেছে তো এগুলি নি কেন যখন বল্লাম? এগুলি নি কেন? কেন এগুলি নি তুই? তোর অন্তর যদি—আমার শ্রীপতি-ভূপতি—

কুঞ্জ। শ্রীপতি-ভূপতির ব্যথা বড় কম বাজে নি এই বুকে, জানলে জেঠা! তবে তুমি শুধু বারবার ঐ নাম দুটো করে মিথ্যে শান্তি পেতে চাও, আর আমি ভেতরে ভেতরে দগ্ধে মরি, এই তফাৎ। তা মিথ্যে হা-হুতাশ আর—

[ পঞ্চাননীর প্রবেশ ]

পঞ্চাননী। (লাঠি ভর দিয়ে ত্বরিতপদে) না এর এট্টা বিহিত করতে হয় কুঞ্জ, বুঝলে, এর এট্টা বিহিত করতে হয়। এ কী রকম ধারা কথা? মেয়েমানুষ, লজ্জাশরম খুইয়ে বনে-জঙ্গালে গিয়ে বসে থাকবে পহরের পর পহর! কেন, বিত্তান্তটা কী! দেশে পুরুষ মানুষ নেই, হ্যাঁরা কুঞ্জ?

কুঞ্জ। জেঠিমা তুমি!

পঞ্চাননী। হ্যাঁ আমি, তুই জবাব দে আগে আমার কথার।

কুঞ্জ। বলো।

পঞ্চাননী। আবার বলবে কী? দেখছিস নে, না খেয়ে বসে আছিস চোখের মাথা! বলি তোদের এই অক্ষমতার জন্যে মেয়েমানুষ কেন সহ্য করতে যাবে এই দুর্ভোগ? মেয়েমানুষ কী পাপ করেছে, য়্যাঁ।

কুঞ্জ। কী বলব।

পঞ্চাননী। কী বলবি!

প্রধান। সহ্য করতে এয়েছ সহ্য করে যাও। মুখ বুজে সহ্য করে যাও, কোনো কথা কয়ো না। কোনো কথা কয়ো না, অধর্ম হবে। মুখ বুজে.......

পঞ্চননী। তার আর বলবে কী। আজ তিন দিন দাঁতে এট্টা কুটো কাটি নি, বুঝলে! শরীরের কষ্ট আমরা সহ্য করতে পারি। সে কোনো কথা না। কিন্তু শরম!! লজ্জা!! তোমাদের দেশের মেয়েমানুষের অঙ্গের ভূষণ!! যা নিয়ে তোমরা গর্ব কর!! আর তারপর সব চাইতে বড়ো কথা ইজ্জৎ!! মেয়েমানুষের ইজ্জৎ!! কী, কথা বলিস না যে! চুপ করে থাকিস কেন, হ্যাঁরা কুঞ্জ, কুঞ্জ, কুঞ্জ!! !! !!

কুঞ্জর দিকে স্থির দৃষ্টিতে মুহূর্তকাল চেয়ে থেকে পঞ্চাননীর দ্রুত প্রস্থান

কুঞ্জ। (ক্ষোভের সুরে) ইজ্জৎ!! ইজ্জৎ দেখছে! জীবনটাই যেখানে বেইজ্জতের সেখানে আবার মেয়েমানুষের ইজ্জৎ! কিন্তু কিন্তু

[ নিদারুণ অস্বস্তিতে যেন হাঁপিয়ে ওঠে কুঞ্জ ]

প্রধান। ঐ হয়েছে এক কিন্তু, সব কথার ভেতরে ঐ কিন্তু ; (হঠাৎ উদভ্রান্তের মত ছুটে গিয়ে টুঁটি টিপে ধরে কুঞ্জর) ঐ কিন্তুটার টুঁটি একবার, (মরিয়াভাবে) কিন্তুটা-রে একেবারে শেষ করে ফেলে দেই। একেবারে শেষ করে (ধস্তাধস্তি) —

কুঞ্জ। জেঠা, জেঠা, কী হচ্ছে, কী কর? জেঠা! জেঠা!!

[ কুঞ্জর ধাক্কা খেয়ে ছিটকে পড়ে প্রধান ]

প্রধান। (হঠাৎ প্রকৃতিস্থ হয়ে) য়্যা)!

কুঞ্জ। জেঠা!

প্রধান। আমার অন্তর জ্বলে গেছে রে কুঞ্জ, আমার অন্তর জ্বলে গেছে।

কুঞ্জর দিকে তাকিয়ে হাঁপাতে থাকে প্রধান

[ যুধিষ্ঠিরের প্রবেশ ]

যুধিষ্ঠির। কুঞ্জ।

কুঞ্জ। (একটু লক্ষ্য করে) আপনি এলেন কবে!

যুধিষ্ঠির। এ অঞ্চলে দিনসাতেক হল এসেছি।

কুঞ্জ। জানতে পারিনি তো একেবারেই।

যুধিষ্ঠির। হ্যাঁ, তোমরা জানতে পারোনি ঠিকই, তবে আমি এর মধ্যেই দু'বার ঘুরে গিয়েছি। দিন তিনেক আগে, এই তোমার গত বুধবার হতে, একজন কাবুলিওয়ালা ঘুরে যায়নি তোমাদের এখান দিয়ে।

কুঞ্জ। (মাথা চুলকে) কাবুলিওয়ালা। সকাল বেলার দিকে?

যুধিষ্ঠির। হ্যাঁ, এই বেলা আন্দাজ নটা নাগাদ? (একুট হেসে) আমিই সেই কাবুলিওয়ালা।

কুঞ্জ। (বিস্মিতের ভঙ্গিতে) আপনি সেই কাবুলিওয়ালা?

প্রধান। আপনি!

যুধিষ্ঠির। কাঠের একটা গুঁড়ির ওপর বসে তুমি আমাকে খাচ্ছিলে না।

কুঞ্জ। ঠিক তো।

যুধিষ্ঠির। এই, আর একদিন রাত্তিরে। রতনগঞ্জ থেকে সেদিন আমি ঘোড়ায় ফিরছিলাম।

কুঞ্জ ও প্রধান বিস্মিতের ভঙ্গিতে তাকিয়ে থাকে যুধিষ্ঠিরের দিকে

তা যাক-গে, সে সব কথা জানবার দরকার নেই তোমাদের। সময় খুব সংক্ষেপ, দু'চারটে জরুরি কথা বলেই চলে যেতে হবে আমাকে এখান থেকে। কথাটা হচ্ছে যে, যারাই আমাদের কর্তব্যের পথে সামান্যতম অন্তরায়ের সৃষ্টি করতে চাইবে, তাদের বিরুদ্ধেও আমাদেরকে এখন থেকে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। এ ছাড়া উপায় নেই। আমাদের আদর্শকে জয়যুক্ত করবার দিক থেকে যে-কোনো ব্যবস্থা, তা সে যতই নির্মম হোক না কেন, গ্রহণ করতে এতটুকু দ্বিধা করলে আমাদের চলবে না। আমি জানি, জয় পরিণামে হবে আমাদেরই, কিন্তু সেই বিজয় গৌরব অনায়াসলভ্য নয় কুঞ্জ, প্রতিটি পদক্ষেপ রক্তরেখায় রঞ্জিত করে জিতে নিয়ে আসতে হবে সেই বিজয়লক্ষ্মীকে।

প্রধান। (পৈশাচিক উল্লাসে) আমি তাই বলি কুঞ্জ এগিয়ে চল্ এগিয়ে চল্, বেড়ি দিয়ে ফেলি গে ওদের ; তা কুঞ্জ শোনে না, কুঞ্জ শুধু পালায়, কুঞ্জ শুধু—আজ যদি আমার শ্রীপতি-ভূপতি।

ক্ষোভে দুঃখে ভেঙে পড়ে প্রধান

কুঞ্জ। (যুধিষ্ঠিরকে একান্তে) শেষ পর্যন্ত পাগলই হয়ে গেল দুটে ছেলের শোকে।

যুধিষ্ঠির। না না পাগল নয় কুঞ্জ. প্রধান পাগল নয়। এই ঠিক। প্রয়োজন আছে আজ এই উন্মত্ততার।

এ পাগলামি নয়।

প্রধান। না না।

যুধিষ্ঠির। (কুঞ্জর প্রতি) তুমি বলছ পাগল, কিন্তু বলতে পারো কুঞ্জ, কোথা থেকে আসে এই পাগলামি? কেন এই উন্মত্ততা? ভুল—

ভুল কুঞ্জ, মহা ভুল প্রধান পাগল নয়।

কুঞ্জ। পাগল নয়?

প্রধান। (অস্ফুটস্বরে) না, না, না, না।

যুধিষ্ঠির। আমাদের অন্তরের সমস্ত খর্বতাকে আজ প্রধানের অর্ন্তদাহই পরিশুদ্ধ করতে পারে।

অভিভূত হয়ে গেছে কুঞ্জ। ভাববিহ্বল চিত্তে কী যেন ব্যক্ত করতে চায়, কিন্তু পারে না।

যুধিষ্ঠির। (কুঞ্জর বুক চাপড়ে) আমার সময় হয়ে গেছে কুঞ্জ। আমি চলি এখন। (প্রধানের প্রতি) আবার আসব প্রধান।

[প্রথানুযায়ী যুধিষ্ঠির ডান হাতটা বুকে ঠেকিয়ে উর্ধ্ববাহু করে তুলে ধরে বিদায় সম্ভাষণ জানায়। কুঞ্জ ও প্রধান যুধিষ্ঠিরের অনুকরণ করে ......... যুধিষ্ঠিরের প্রস্থান।]

হঠাৎ নেপথ্যে একটা হট্টগোল শোনা যায় এবং ক্রমে সেই গণ্ডগোল বাড়তে থাকে। গভীর উত্তেজনায় কুঞ্জ চতুর্দিক লক্ষ্য করে। প্রধানও উৎকর্ণ হয়ে উঠেছে।

নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ।

কুঞ্জ। জেঠা! জেঠা! ঐ! (হাত দিয়ে অনুসরণের ইঙ্গিত করে)

[কুঞ্জর দ্রুত প্রস্থান]

প্রধান। (পৈশাচিক উল্লাসে) ঐ, ঐ আবার! ও কুঞ্জ, কুঞ্জ আমি প্রাণ দেব রে কুঞ্জ! কুঞ্জ আমি প্রাণ দেব প্রাণ দেব প্রাণ দেব!

[দ্রুত প্রস্থান]

নেপথ্যে গণ্ডগোল ভয়াল হয়ে উঠেছে। একটু পরেই দেখা যায়, বৃদ্ধা পঞ্চাননী একটা জনতাকে পরিচালনা করে নিয়ে ঢুকছে।

পঞ্চাননী। এগিয়ে যা, এগিয়ে যা তোরা সব! এগিয়ে যা।

জনতা সমবেত কণ্ঠে বন্দেমাতরম্ ধ্বনি করে খানিকটা এগিয়ে আসে

পঞ্চাননী। এগিয়ে যা, এগিয়ে যা তোরা!

নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ। জনতা একটু ইতস্তত করে

এগিয়ে যা, এগিয়ে চল তোরা সব! এগিয়ে যা।

নেপথ্যে বাঁশের গাঁট ফাটার শব্দ। জনতা থমকে দাঁড়ায়

জনৈক ব্যক্তি। (ঘা খেয়ে) আরে ব্বাস রে, বাপ রে বাপ।

সকলে সমবেত কণ্ঠে এই -ই-ই শব্দ করে পিছিয়ে যায়।

পঞ্চাননী। এগিয়ে যা, এগিয়ে যা সব।.......

নেপথ্যে বাঁশ ফাটার বিরামহীন শব্দ। পঞ্চাননী মাটিতে লুটিয়ে পড়ে কপালে হাত চেপে ধরে এগিয়ে যা, এগিয়ে যা .........

মূহ্যমান হয়ে পড়ে পঞ্চাননী। সকলে মালভূমির ওপর দিয়ে সামনের দিকে ছুটে যায়। দু একজন মাটিতে পড়ে হাত পা ছুঁড়তে থাকে

(ক্ষীণ কণ্ঠে) এগিয়ে যা, এগিয়ে যা তোরা সব .......

দুই একটা জ্বলন্ত মশাল মাটিতে পড়ে থাকে। হাতিয়ার সব ইতস্তত বিক্ষিপ্ত। গোলমাল ক্ষীণ হয়ে আসে। পঞ্চাননীর মুখে কথা সরে না, শুধু হাত দিয়ে ইঙ্গিতে বলতে থাকে—এগিয়ে যা, এগিয়ে যা, এগিয়ে যা তোরা সব।

মঞ্চের উপর তিন-চারজন আহত লোক শুয়ে পড়ে ক্ষীণভাবে হাত-পা নাড়তে থাকে। পঞ্চাননীর কণ্ঠ নির্বাক হয়ে আসে। কিন্তু তখনও হাত দিয়ে ইঙ্গিতে বলতে থাকে, এগিয়ে যা, এগিয়ে যা। সুদূরের হট্টগোল ক্ষীণ হয়ে আসে। ইতস্তত বিক্ষিপ্ত দু-একটা মশাল তখনও জ্বলছে।

(পটক্ষেপ)

## দ্বিতীয় দৃশ্য

প্রধানের ছন্নছাড়া গৃহস্থালি। একখানা দোচালা ঘরের দাওয়ার ওপর বসে আছে প্রধান, কুঞ্জ, কুঞ্জর ভাই নিরঞ্জন, আর কুঞ্জর ছেলে—নাম মাখন! জল ভরতি একটা মেটে কলসি কাঁখে নিয়ে কুঞ্জর স্ত্রী রাধিকা, ওরফে রাধি ঘরে গিয়ে উঠল। একটু পরেই ঘরের ভেতর থেকে বেরিয়ে আসতে দেখা যায়—রাধিকাকে—কাঁকালে পুরোনো একটা মেটে কলসি আর হাতে একখানা বস্তা। কলসিটা মাটিতে নামিয়ে রেখে রাধিকা প্রথমে বস্তাটা উঠোনে বিছিয়ে দেয়, তারপর কলসির ধানগুলো চটের ওপর ঢেলে ফেলে পা দিয়ে ঘুরে ঘুরে নেড়ে দেয়।

প্রধান। (পা দিয়ে ধান নাড়তে নাড়তে) নাও, এই কটাই সম্বল ছিল, কত করে রেখে দিছলাম, গেল।

কুঞ্জ। কেন, মাচাং-এর ওপরে সেই সে কালো জালার ভিতরি যে পুরোনো আউস কতকগুলো ছিল?

রাধি। (মুখ ঝামটা দিয়ে) হ্যাঁ, বসে রয়েছে এখনও তোমার জন্যে সেই ধান। রোজ ক'সের করে চাল লাগে হিসেব করে দেখেছ কোনো দিন?

কুঞ্জ। (রাগত ভাবে) না, হিসেব করে দেখিনি, এমনিই চলছে।

নিরঞ্জন। (বাধা দিয়ে) নাও, ও অভাব-অভিযোগ তো লেগেই আছে মাসের মধ্যে তিরিশ দিন সংসারে। তা বলে সকালবেলাই খামখা এট্রা অস্বরস কাণ্ড বাধিয়ে আর লাভ কী। চুপ করে যাও।

কুঞ্জ। না, তাই দ্যাখো একবার আচরণ। সোজা কথায় বললেই হয় যে, না, ফুরিয়ে গেছে সেই ধান। তা না মেয়েমানুষের চ্যাটাং চ্যাটাং কথা শুনলে আমার পায়ের তলা থেকে মাথার চাঁদি পর্যন্ত একেবারে রি রি করে জ্বলে ওঠে। মোটে সহ্য করতে পারি নে। কাজে কুঁড়ে ভোজনে দেড়ে, তার আবার—

রাধি। (রাগত ভাবে) হ্যাঁ, খেয়ে খেয়ে দ্যাখো না কেমন সোন্দর হাল হয়েছে শরীরের! (মুখ ভেংচে) আর বলো না, বুঝলে? পুরুষ মানুষের কিতিত্বের কথা আর বলো না। আমরা যে মেয়েমানুষ, আমাদের পর্যন্ত লজ্জা করে।

কুঞ্জ। ও—ে া —ে াঃ, লজ্জাবতী লতা রে আমার!

[ পিঁচ কাটে ]

রাধি। (কটাক্ষ করে) দু'চক্ষে পেড়ে দেখতে পারি নে।

[ রাধিকার প্রস্থান ]

প্রধান। (আফশোসের সুরে) হায় রে ধান, হুঁঃ। এই দুটো ধানের জন্যে—

নিরঞ্জন। (বাধা দিয়ে) ন্যাও, থামো তুমি। তোমার আফশোস শুনতে আর ভালো লাগে না। পচে গেল কান।

কুঞ্জ। হ্যাঁ, সব খুইয়ে এখন ঐ আফশোসই সার হয়েছে। ভালো কাণ্ডকারখানা।

প্রধান। (আনমনে) সে কি দু'চারটে ধান! তিন তিন মরাই ধান।

কুঞ্জ। (নিরঞ্জনের প্রতি) ন্যাও সামলাও এখন ঠেলা।

[ প্রধান ফোঁস করে একটা দীর্ঘনিঃশ্বাস ফেলে ]

নিরঞ্জন। (প্রধানের প্রতি) তা সে যা করেছে তা বুঝে শুনেই করেছে।

কুঞ্জ। বুঝে শুনে মানে, নিজে তো করেইছে, আর পাঁচ জনারে পর্যন্ত বাধ্য করেছে ধান নষ্ট করে ফেলতে।

প্রধান। জোর করে প্রধান কাউকেই কিছু বলেনি।

কুঞ্জ। জোর করে মানে কি আর তুমি নিজে হাতে করে অপরের গোলার ধান নষ্ট করেছ আমি বলছি? অনুরোধ উপরোধ করে বাধ্য করেছ। উপরোধে মানুষ বলে ঢেঁকি পর্যন্ত গেলে, তার আবার—

প্রধান। উপরোধও করিনি।

নিরঞ্জন। বেশ তো তাই হল, উপরোধও করিনি। কিন্তু আচরণ করে শিক্ষে দিয়েছ।

প্রধান। হ্যাঁ তা দিইছি।

নিরঞ্জন। বিবেচনা করেই দিয়েছ?

প্রধান। (রাগতভাবে) হ্যাঁ দিইছি, বিবেচনা করেই দিইছি। যা করবার তোরা কর আমারে। য়্যাঁ, নৌকো ছিল আমি আটকে রেখেছি। চব্বিশ ঘণ্টার নোটিশ দিয়ে আমি মানষিরি সব দেশান্তরি করিছি। সব আমি করিছি। কর্ তোরা আমারে যা করবার কর।

[ অস্থির হয়ে ওঠে প্রধান ]

কুঞ্জ। (নিরঞ্জনকে চুপ করতে ইঙ্গিত করে) তোমাকে আবার কে কী করতে চাচ্ছে মাঝে মাঝে আপনা থেকে আফশোস কর বলেই তো এই সব কথা ওঠে। যা গিয়েছে—গিয়েছে, য়্যা। এই তো, ক'মাস পরেই আবার আমন ধান পাওয়া যাবে। তেমন একটা অঘটন যদি ঈশ্বরের ইচ্ছেয় না ঘটে তো ভাতের আবার ভাবনা! (স্ত্রী রাধিকার উদ্দেশ্যে) কই, গেলে কোথায়? (মাখনের প্রতি) ডাক দিকিন মাখ তোর মা-রে।

মাখন। মা এসে আবার কী করবে?

কুঞ্জ। (ধমকের সুরে) কী করবে তা বুঝবখন আমি। ব্যাদড়া ছেলে কাঁহাকা, ডাক শিগ্‌গির।

মাখন। যাচ্ছি।

[মাখনের প্রস্থান]

কুঞ্জ। মুখ থেকে দুধের গন্ধ গেল না, এর মধ্যেই তক্ক করতে শিখেছে মুখে মুখে। মা-টি আবার কেমন দেখতে হবে তো।

[রাধিকার প্রবেশ]

কী, খুব তো মেজাজ দেখিয়ে চলে গেলে তখন। বলি রাগ করে বসে থাকলে কি পেট ভরবেখন সকলের?

রাধি। ওমা, রাগ আবার করলাম কখন!

কুঞ্জ। না, পা থাবড়ে যে বড়ো ঘরে গিয়ে উঠলে, সেই কথা বলছি।

রাধি। তা উঠলামই বা। কারো তো কিছু এসে যাচ্ছে না তাতে!

কুঞ্জ। তা এসে যাচ্ছে বই-কি। শুধু শুধু আর কি হাত গুটিয়ে বসে আছি? নাও, দাও দিকিন এইবার তোমার সেই—

রাধি। (আঁচ করে একটু রেগে) কী দেবে?

কুঞ্জ। (চোখ বুঁজে) আরে কী যে বলে ওর নামটা—

রাধি। আ হা হা হা, মশকরা দেখলে গলায় দড়ি দিতে ইচ্ছে যায়।

কুঞ্জ। হ্যাঁ হ্যাঁ মনে পড়েছে, মনে পড়েছে, তোমার সেই—

রাধি। —মলজোড়া, এই তো?

কুঞ্জ। হ্যাঁ।

রাধি। তা সে কি আর আমি বুঝিনি! মনে তোমার অনেকক্ষণই পড়েছে শুধু আমার বাপের বাড়ির জিনিস বলে চক্ষুলজ্জার খাতিরে একটু ভনিতে করলে। কিন্তু সে মল আমার মায়ের দেওয়া। তার কথা মনে করে তুলে রেখেছি। সে আমি কিছুতেই দেব না। আর সবই তো খেয়েছ। এখন সে মলজোড়ার ওপর টনক নড়ছে। হায় অদেষ্ট!

কুঞ্জ। না দিবি না দিবি, তা বলে হা অদেষ্ট হা অদেষ্ট করিস্‌নি, হ্যাঁ। কুঞ্জ সমাদ্দার এখনও বেঁচে আছে, মরেনি।

রাধি। বেশ তো, তারই প্রমাণ দিক্ ; সে আমার সৌভাগ্যি।

কুঞ্জ। হ্যাঁ, তাই তাই। নয়তো তুই যে ভাবছিস আমি মরে গিয়ে তোর উদোমে খাবার ব্যবস্থা করে দেব, সে গুড়ে বালি, বুঝলি, সে গুড়ে বালি।

[হঠাৎ ঘরের ভেতর ছুটে গিয়ে বাসন পত্তর সব টেনে বের করে আনে]

বাপের বাড়িওয়ালারা যে মস্ত বড়লোক, ঠ্যারেঠোরে ও শুধু আমারে সেই কথাই শোনায়। তোর দেমাক আর ঠেকারের নিকুচি করেছে!

[ঝনাৎ কর বাসনের পাঁজা নামায়। ত্বরিতপদে রাধিকার প্রস্থান]

নিরঞ্জন। তা ওগুলো নিয়ে আবার কোথায় চললে?

কুঞ্জ। দোকানে, আবার কোথায়? পেট তো ভরাতে হবে গুষ্টির!

[কাশতে কাশতে আর বক্ বক্ করতে করতে ঘরে প্রস্থান]

প্রধান। ও মাখন, মাখন।

নিরঞ্জন। দুত্তুর কলা নিকুচি করেছে তোর সংসারের। শালা আজই আমি চলে যাব।

[কলসি কাঁখে বিনোদিনীর প্রবেশ]

বিনোদিনী। কোথায় যাবে?

নিরঞ্জন। এই এলেন আবার আর এক সঙ্। যত সব হয়েছে।

বিনোদিনী। ওমা, আমি আবার কী করলাম?

নিরঞ্জন। কিচ্ছু করনি বাপু, কিচ্ছু করনি। যাও, এখান থেকে যাও। আর ভালো লাগে না। আমি আজই শালা চলে যাব।

বিনোদিনী। কোথায়?

নিরঞ্জন। কোথায় কি আর আমি ঠিক করে রেখেছি? যাব এমনিই, যেদিকে দু চোখ যায়।

বিনোদিনী। ওমা, সে কী কথা?

নিরঞ্জন। না দিনরাত তোমাদের এই সংসারের ভেতরে পড়ে ঝালা-পালা হই আর কী। আমি আজই চলে যাব।

বিনোদিনী। তাহলে আমাকেও সঙ্গে নিয়ে চলো।

নিরঞ্জন। (ভেংচি কেটে) সঙ্গে নিয়ে চলো! তুমি যাবে কোথায়?—তুমি যাবে কোথায়? নিজেরই বলে দাঁড়াবার জায়গা নেই, তার আবার,—আগে রও, আমি তো যাই!—তারপর দেখি যদি একটা কাজটাজ জোটাতে পারি তো সে পরের কথা পরে ভাবা যাবে। এখন তার কী?

বিনোদিনী। একা যাবে তুমি?

নিরঞ্জন। (ভেংচি কেটে) তো দোকা পাব কোথায়?

বিনোদিনী। কেন, নাও না আমায় তোমার সঙ্গে।

নিরঞ্জন। পাগল্ না মাথা খারাপ! আমিই বলে তাই এখন কোথায় যাই কী করি তার ঠিক নেই, ঘাঁটিয়ো না মিছে হ্যাঁ, ভালো লাগে না।

বিনোদিনী। আজই তো তাই বলে চলে যাচ্ছ না?

নিরঞ্জন। কেন, যদি বলি আজই, তো বাধা কিসের?—বাধাটা কিসের?

বিনোদিনী। বাধা মনে করলেই আছে, না করলেই নেই। আমি থাকব এখানে একলা পড়ে—

নিরঞ্জন। আহা বলি একলাটা কিসের হল? যত সব প্যান্-প্যানানি এই মেয়েমানুষের।

বিনোদিনী। তা মেয়েমানুষ হয়ে জন্মেছি—

নিরঞ্জন। জন্মেছ তো বেশ করেছ। ও কোনো কথা আমি তোমার শুনতে চাইনে। আর পাঁচজনও থাকবে, তোমাকেও থাকতে হবে তাদের সঙ্গে। গোঁয়াতে পার ভালো, না পার—আমি তার কী করব? আমারে চলে যেতেই হবে,—আজ না হয় কাল।

[বিনোদিনী চোখ মোছে]

একেবারে তো অজলে অস্থলে ফেলে যাচ্ছি নে। দাদা থাকল, বৌদি থাকল, জেঠা থাকল, মাখন থাকল, আবার ভয়টা কিসের? পরলোক তো এরা কেউই নয়! দেখছ এই অবস্থা, নুন আনতে পান্তা ফুরাচ্ছে, এখন বুঝে শুনেও যদি তোমাদের আগলে বসে থাকি তো শেষকালে?—ভেবে দেখেছ কখনও পরিণামটা ? হুঁঃ, শুধু কাঁদলে হয় না। অবস্থা বিবেচনা করে দেখতে হয়। (ধরা গলায়) কাঁদছে, কাঁদতে অমন আমিও পারি। কিন্তু কী দাম আছে সেই চোখের জলের? কিছু না।

[ পরিশ্রান্ত কুঞ্জর প্রবেশ ]

কুঞ্জ। (উভয়ের দিকে লক্ষ্য করে নিরঞ্জনের প্রতি) ফের মেরেছিস বুঝি? (নিরঞ্জন নিরুত্তর) বলি ফের্ আবার তুই গায়ে হাত তুলিছিস পরের মেয়ের?

[সাশ্রুনয়নে বিনোদিনীর প্রস্থান]

(চেঁচিয়ে) বেরো, বেরো তুই এখনই আমার বাড়ি থেকে, বেরো। ছোটলোক, চামার! অভাবে পড়ে এর মধ্যেই স্বভাব নষ্ট করে বসেছিস—বেরো, বেরো তুই এখুনি। পশু কোথাকার!!

উন্মত্ত অবস্থায় সামনের একখানা কাঠ দিয়ে নিরঞ্জনের মাথায় আঘাত করে বসে।

মেয়েমানুষের গায়ে হাত ...... বেরো, বেরো তুই, বেরো !!

[আঘাতে নিরঞ্জনের মাথাটা ফেটে যায়, সঙ্গে সঙ্গে ফিনকি দিয়ে বেরোয় রক্ত। নিরঞ্জনের প্রস্থান।]

কুঞ্জ। (বিমূঢ়ভাবে) য়্যাঁ, রক্ত! রক্ত! খুন করে ফেললাম! খুন করে ফেললাম আমি নিরঞ্জনকে! নিরঞ্জন! নিরঞ্জন!!

(পটক্ষেপ)

## তৃতীয় দৃশ্য

দাওয়ার ওপর বসে প্রধান আনমনে তামাক টেনে চলেছে, আর কুঞ্জ উঠোনে দাঁড়িয়ে পায়ের বুড়ো আঙুল দিয়ে মাটি খুঁড়ছে। দেখলেই মনে হয় আগে থেকেই যেন কী একটা আলোচনা চলছিল ওদের মধ্যে।

প্রধান। (হুঁকোয় বিলম্বিত একটা টান মেরে ধোঁয়া ছেড়ে) তা হল থাকবে? কী, কথা বলিস না যে?

কুঞ্জ। কী বলব? জমি তোমার, দ্যাখো তুমি বিবেচনা করে।

প্রধান। হ্যাঁ তা সে তুই কী বলিস?

কুঞ্জ। আমি তো বলেছি আমার কথা।

প্রধান। কী?

কুঞ্জ। কাজ নেই কবালা করে।— মগরার বিলের জমি বেচে তো খেলে? ক'দিন গেল?— তো কী হবে খামখা জলের দামে জমি বিক্রি করে? ও সে যা করেছ তা করেছ। আর বেচে কাজ নেই। য়্যাঁ-া-াঃ, আছেই আর ভারি বিঘে তিনেক!

প্রধান। তা হলে যা হয় এট্টা ঠিক করে বল খামখা—

কুঞ্জ। আবার ঠিক করে কী! বলছি তো থাক। বিশেষ ফসল যখন একবার হয়ে গেছে। রোওয়া। আর অভাব? সে তো আছেই । ও জমি বেচলেও থাকবে, না বেচলেও থাকবে। দ্যাখা যাক। দিন কি আর এমনিই যাবে!

[প্রতিবেশী দয়ালের প্রবেশ]

দয়াল। (গলা খাঁকারি দিয়ে প্রধানকে লক্ষ্য করে)। এই যে প্রধান।—বাড়িতেই আছো তা হলে দেখছি!

প্রধান। (চারিদিকে চেয়ে) হ্যাঁ, সকালবেলার থেকেই কেমন কেমন যেন একটু ঘোর ঘোর ভাব—

দয়াল। বিষ্টিই বোধ করি আসে।

প্রধান। তা বস। উঠে বস। তামাক খাও।

দয়াল। (বসতে বসতে) তামাক বা খাব কী?

প্রধান। কেন, যাচ্ছিলে নাকি কোথাও?

দয়াল। না এই।

প্রধান। (দয়ালকে হুঁকো এগিয়ে দিয়ে) ধরো।

কুঞ্জ। (উঠোনের এক কোণে বসে) দয়ালদা কী বল এ কথার?

দয়াল। কী বিষয়!

প্রধান। আর কি বিষয়!

দয়াল। তবু শুনি।

কুঞ্জ। বিষয়টা হচ্ছে যে জমি জায়গা বিক্রি করা নিয়ে।

দয়াল। বেশ।

কুঞ্জ। বিলের ধারে ঐ যে বিঘে তিনেক খামার জমি আছে না জেঠার? তাই বলছিল বিক্রি করে ফেলি।

দয়াল। তারপর?

কুঞ্জ। তা আমি বলি কী যে ও দুঃখ-কষ্ট যা কপালে আছে সে তো আছেই, মাঝখানে থেকে জমিটুকু খুইয়ে আর কী এমন সৌভাগ্য বাড়বে!

দয়াল। সে তো ঠিক কথাই। রুজি রোজগার না থাকলে জমি বেচে আর ক'দিন চলে।—আমি নাকি যে ভুল করেছি!

কুঞ্জ। বেচে ফেলেছ নাকি জমি তুমিও?

দয়াল। হ্যাঁ তা সে কিছু তো বেচে ফেলেইছি। কিন্তু সেই বেচেই বা হল কী? বীজ ধানগুলো পর্যন্ত রাখতে পারলাম না উঃ।

কুঞ্জ। তোমার তা হলে তো দেখি আরও সরেস অবস্থা! সব খুইয়ে বসে আছ?

দয়াল। সব, সব। কুঞ্জ, সব। একমুঠো চালের জন্যে তোর দয়ালদা তা না হলে কি আর আজ দোরে দোরে ঘুড়ে বেড়ায়! উঃ!

প্রধান। ছোট ভুলের ক্ষমা আছে, বুঝলে দয়াল। কিন্তু বড়ো ভুলের আর চারা নেই। করতেই হবে তোমাকে প্রায়শ্চিত্ত। এইটাই বুঝলাম।

কুঞ্জ। (দীর্ঘশ্বাস ছেড়ে) হ্যাঁ বুঝলে বটে, (দয়ালের প্রতি) তবে কি না বড্ড দেরি করে বুঝলে।

দয়াল। (করুণ হেসে সঙ্গে সঙ্গে) এমন সময় বুঝলে যে শুধরে যে নেবে তার পর্যন্ত সময় থাকল না।

প্রধান। (দয়ালের হাত থেকে হুঁকো নিয়ে) তা হলে থাক জমিটুকু।

দয়াল। থাক্ থাক্, সম্বল থাক্, জমিজায়গা এমনিই বিক্রি করতে নেই, তার ওপর—

প্রধান। থাকতে তো বলছ, কিন্তু এদিকে দিনপাত চলে কী করে বলো তো? বাঁচতে তো হবে?

দয়াল। তা তোমাদেরও কি এইরকম অবস্থা নাকি?

প্রধান। তো তুমি কী ভাবছ?

দয়াল। কেন ধান তো তোমার ছিল প্রধান।

প্রধান। হ্যাঁ সে যখন ছিল তখন ছিল। এখন কী আছে তাই বলো।

দয়াল। এই রকম অবস্থা নাকি! আমি ভাবলাম যাই, প্রধানের ওখানে একবার যাই। যদি কিছু—

প্রধান। হুঁ, সে কথার আর কী বলব বলো। এই তো দ্যাখো না, সকাল বেলার থেকে এই এতক্ষণ পর্যন্ত চেঁচামেচি খুনোখুনি করে, শেষ সম্বল দু'খানা পেতলের কাঁসি আর ঘটিবাটি বেচে সের-দুয়েক চাল নিয়ে এয়েছে কুঞ্জ ; পাঁচজনের সংসার, বলো তো কার মুখে দিই এই চাল ক'টা?

দয়াল। তা তো ঠিকই! কিন্তু আমার যে এদিকে সমস্যাই হল। ঘরে একদানা চাল নেই, প্রধান, আজ দু'দিন। রাঙার মা বলতে গেলে সে একরকম ধুঁকছে কাল বিকেল বেলা থেকে। কী করি বলো তো?

কুঞ্জ। আর কী হয়েছেই এই!

দয়াল। কুঞ্জ!

কুঞ্জ! কী বলব বল এ কথার! রাঙার মা ধুঁকছে কাল বিকালবেলা থেকে, অমুকের মা ধুঁকছে কাল দুপুরবেলা থেকে, তমুকের মা ধুঁকছে আজ সকালবেলা থেকে, এই তো এখন শুনতে হবে। (ঘর থেকে চাল নিয়ে আসে কোঁচড়ে) ন্যাও ধরো, মুঠোখানেকের বেশি কিন্তু দিতে পারব না দয়ালদা। এই আমাদের শেষ সম্বল।

দয়াল। (কোঁচড় পেতে) ঐ মুঠোখানেক হলেই চলবে বাপ আমার। জানটা তো আগে রক্ষে পাক।

কুঞ্জ। কিন্তু এই রকম করে আর কদ্দিন?

দয়াল। যদ্দিন যায়। যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ, এ তো থাকবেই।

প্রধান। তা শুধু আশ দিয়ে তো আর পেট ভরবে না দয়াল, ব্যবস্থা এর এট্টা করতে হয়।

দয়াল। বলো কী ব্যবস্থা করবে। আমি তাতেই আছি।

প্রধান। চলো চলে যাই।

দয়াল। কোথায়?

প্রধান। কেন শহরে? অন্নকূট খুলেছে সেখানে সব বাবুরা।

কুঞ্জ। থাক তোমার বাবুদের কথা আর শুনতে চাই নে।

দয়াল। হ্যাঁঃ, ও বাবুদের কথা আর বলো না।

কুঞ্জ। যার জন্যে করি চুরি শেষকালে সে-ই বলে কি না চোর!

প্রধান। ভদ্দরনোকের নামে মুখ করছ, কিন্তু এই ভদ্দরনোক ছাড়া আবার গতিও নেই আমাদের এখন। শত হোক, সেই ঘুরে ফিরে যেতেই হবে তোমার ভদ্দরনোকের দোরে। উপায় নেই।

কুঞ্জ। তা সে ভদ্দরনোকও আছে, ভদ্দরনোকও নেই। তা বলে ফর্সা জামা-কাপড় পরে ভালো বাংলায় হ্যানা করো ত্যানা করো বললেই ভদ্দরনোক বলে তার কথা মেনে নিতে হবে? থে-ে-েঃ!

প্রধান। না, তা কেন হবে?

কুঞ্জ। তো তবে?

দয়াল। যাকগে, সে যা হবার তা তো হয়েইছে, এখন বর্তমানের কর্তব্য কী তাই—

প্রধান। তা সেই কথাই তো বলছি। বলি—

কুঞ্জ। বলা-কওয়ার তো আর এখন কিছু নেই। আর পাঁচজনের যে অবস্থা হয়েছে, আমাদেরও সেই অবস্থা হবে। দশজনের মতো আমাদেরও ঐ রাস্তার নেমে দাঁড়াতে হবে।

প্রধান। তা হলে যে আশংকা করেছিলাম শেষ পর্যন্ত তাই হল।

দয়াল। আর হওয়া-হউইর তো কিছুই নেই। ঐ এক রাস্তাই খোলা আছে, ঐ এক পথেই যেতে হবে সকলকে।

প্রধান। তাই তো বলছি। বলি শহরে—

কুঞ্জ। তা সে তুমি শহরেই বলো আর নরকেই বলো, পথ ঐ এক। সরা হাতে করে গুষ্টিশুদ্ধু, পথে পথে ভিক্ষে করে বেড়াতে হবে।

প্রধান। পথে নেমে দাঁড়াতে হবে? প্রধান সমাদ্দাররে আজ পথে নেমে দাঁড়াতে হবে দয়াল!

দয়াল। তাই তো বলছি—বলি শেষ পর্যন্ত এ-ও চোখ চেয়ে দেখতে হবে। অদেষ্ট, সব অদেষ্ট।

প্রধান। এই, তা যদি না হবে তো দ্যাখো জমিজমাই বা খোয়াতে যাব কেন আমি, আর আজ পথে নেমেই বা দাঁড়াতে হবে কেন আমায়? অদেষ্ট ছাড়া আর কী?

কুঞ্জ। নাও মিথ্যেমিথ্যি আর অদেষ্টর দোহাই পেড়ো না, হ্যাঁঃ। নিজে ইচ্ছে করে আগুনে হাত

দেবে, আর পুড়ে গেলে বলবে যে অদেষ্টর জন্যে এই দুর্ভোগ হল। ........ তোমাদের এই ধরনের কথাবার্তার, সত্যি বলছি দয়ালদা, আমি কোনো মানে বুঝতে পারিনে, কোনো মানে বুঝতে পারিনে। তোমরা সব—

[ঝড়ের বেগে মাখনের প্রবেশ]

মাখন। তোমরা সব চালার ওপর ওঠো, চালার ওপর ওঠো! সাত-আট হাত উঁচু হয়ে বান আসছে, ভীষণ বান, হই—ই—ই—ঃ।

নেপথ্যে বানের ডাক—সোঁ সোঁ

কুঞ্জ। তাই তো! [মাখনের ঘরে প্রস্থান]

দয়াল। আমি চলি প্রধান তা হলে। সকালবেলার থেকেই আজ কেমন যেন ঘোর ঘোর ভাব, গরম গরম হাওয়া দিচ্ছিল কাল রাত থেকে। কী ব্যাপার!

বাতাসের দমকা ঝাপটা

আরে ব্বাসরে! [দয়ালের প্রস্থান]

কুঞ্জ। আরে বসে যাও দয়ালদা, এর ভেতর বেরিয়ো না।

[বাতাসের ঝাপটা]

এ যেন একেবারে ফেলে দিতে চায়!

নেপথ্যে একটা বড়ো গাছ ভেঙে পড়ার শব্দ, মড় মড় মড়াৎ। প্রধান দাওয়ার ওপর থেকে উঠোনে এসে দাঁড়ায়। চোখের ওপরে হাত দিয়ে দুরে বান লক্ষ্য করতে থাকে । চুলগুলো তার সব যেন নাচতে শুরু করে দিয়েছে মাথায়। কাঁচা পাতা, পল্লব, ডাল, সব ছিঁড়ে এসে পড়ে উঠোনে। দোচালাখানা নড়তে থাকে ঘন ঘন—যে কোনো মুহূর্তে ভেঙে পড়তে পারে আর কী। বান আর ঝড়ের তাণ্ডবলীলা চলতে থাকে অব্যাহত—সাই-শোঁ-সন্। আলোটা অস্পষ্ট। একটু পরেই ওঠে হাহাকার আর আর্তকণ্ঠের উপায়বিহীন আক্ষেপ। কেউ হয় তো চাপা পড়েছে, কেউ হয়তো চাপা পড়ে বেরোতে পারছে না। সুদূর পল্লী অঞ্চল থেকেও যেন সেই আক্ষেপ ঝড়ের গলা ধরে এসে প্রধানের দোচালার ওপর আছড়ে পড়েছে। দেখতে দেখতে দোচালাখানা ভেঙে পড়ে প্রধানের।

প্রধান। (ব্যাপক বিশৃঙ্খলার মাঝখানে উন্মত্ততায়) কুঞ্জ, মাখন, (চোখ-মুখের ওপর থেকে বৃষ্টির ছাঁট মুছে) এই যে এদিকে, মাখন! কুঞ্জ! মাখন!

[হন্তদন্ত হয়ে মাখনের প্রবেশ]

মাখন। এই যে দাদু। আমি, আমি এখানে।—বাবা কোথায়, বাবা? বাবা!

[রাধিকার প্রবেশ]

রাধিকা। (ছুটে এসে) মাখন! মাখন! মাখন কই! মাখন!

মাখন। এই যে আমি এই যে এখানে।

রাধিকা। কই, কোথায়! (মাখনকে জড়িয়ে ধরে) বাপ আমার!

প্রধান। কুঞ্জ কোথায়! কুঞ্জ!

কুঞ্জ। (চাপা গলায়) এই যে! এখানে। মাখন!

প্রধান। কোথায়! কুঞ্জ! মাখন! কোথায় তোর বাপ!

মাখন। এই যে দাদু! দাদু! উঁচু করে ধরো চালাটা, দাদু বেরোতে পাচ্ছে না ; ধরো তুলে ধরো! (প্রধান ছুটে গিয়ে চালাটা উঁচু করে ধরে। রাধিকা কুঞ্জকে বেরিয়ে আসতে সাহায্যে করে।)

রাধিকা। লাগেনি তো কোথাও?

কুঞ্জ। না। মাখন কই! এই যে!

প্রধান। ঠিক আছে তো আর সবাই।

রাধিকা। (উদ্বিগ্ন কণ্ঠে) বিনো কোথায়?

কুঞ্জ। সে কী, দ্যাখো, দ্যাখো শীগ্‌গির। ওর নিচে চাপা পড়েনি তো? কী—ি—ি—ি।

মাখন। এই যে এখানে। বাবা।

(সকলে বিনোদিনীর দিকে এগিয়ে যায়। বিনোদিনী অচৈতন্য।
রাধিকা বিনোদিনীর মুখের ওপর ঝুঁকে পড়ে।)

রাধিকা। ও মা, তোমার সব দ্যাখো গো ও বিনো, বিনো—
(কুঞ্জ, রাধিকা ও মাখন বিনোদিনীকে ধরাধরি করে সামনের ফাঁকা জায়গায় এনে শুইয়ে দেয়।)

কুঞ্জ। (বিনোদিনীর চোখ টেনে) চোখে লেগেছে বোধ হয় খুব জোর।

রাধিকা। বি নো। অ বি নো—

[ বিনোদিনী ক্ষীণ আর্তনাদ করে ওঠে। ]

প্রধান। বেঁচে আছে তো রে কুঞ্জ।

কুঞ্জ। আ—া হা—াঃ, থামো তো তুমি।

রাধিকা। (বিনোদিনীর মাথায় হাত বুলোতে বুলোতে) যত সব অলক্ষুণে কথাবার্তা। ও বিনো, বিনো। এখন এট্টু! — কী! — কোথায় লেগেছে?

কুঞ্জ। থাক্, উদ্ব্যস্ত করো না। থাক ঐ রকম।

[ নেপথ্যে আর্তের হাহাকার। ]

প্রধান। থাকবার মধ্যে ঘরখানাই ছিল, গেল। গেল! পথে নেমে দাঁড়াবারও তর সইল না রে কুঞ্জ, পথই ঘরে উঠে এল। ঘর বার সব একাকার হয়ে গেল। ও কুঞ্জ তোর কথাই সত্যি, তোর কথাই সত্যি হল। প্রধান সমাদ্দাররে আজ পথে নেমে দাঁড়াতে হবে,—প্রধান সমাদ্দাররে আজ পথে নেমে দাঁড়াতে হবে। কুঞ্জ—তুই যে বলেছিলি—

নেপথ্যে 'কুঞ্জ কুঞ্জ' ডাক

কুঞ্জ। (উৎকর্ণ হয়ে) য়্যাঃ ...... কুঞ্জ! .... কে!

[ উন্মত্ত অবস্থায় দয়ালের প্রবেশ ]

দয়াল। কুঞ্জ, কুঞ্জ, কুঞ্জ!

কুঞ্জ। দয়ালদা। কী হয়েছে দয়ালদা?

দয়াল। (কোঁচড়ের চাল হাতে নিয়ে) এই যে কুঞ্জ, তোর সেই চাল ক'টা। তোর সেই চাল ক'টা।

কুঞ্জ। (বিস্মিতের ভঙ্গিতে) দয়ালদা! দয়ালদা!!

দয়াল! (স্বপ্নোত্থিতের মতো) য়্যাঁঃ, কোনো কিছু ছিল নাকি আমার কোনো দিন? ছিল কি কেউ? কোথায় গেল! আমার কি কিছু ছিল না!!

কুঞ্জ। রাঙার মায়ের জন্যে যে তুমি।

দয়াল। রাঙার মা, কোথায় গেল রাঙার মা, কোথায় গেল রাঙা! আমার ঘর, কোথায় গেল আমার ঘর! কুঞ্জ!!

প্রধান। দয়াল!!

দয়াল। প্রধান, সমুদ্দুর, চারদিকে শুধু সমুদ্দুর—জল আর জল, কিছু নেই শুধু জল.... সমুদ্দুর উঠে এয়েছে গ্রামে। রাঙার মা, রাঙা, রাঙার মা রাঙার মা!!

(ঝড়ের শব্দ—সাঁই-সং)

(পটক্ষেপ)

## চতুর্থ দৃশ্য

জীর্ণ-গৃহ পরিবেশ। খসে খসে পড়েছে চালা। কোনো কোনো জায়গায় খড়টুকুও নেই, শুধু বাখারির কংকাল দেখা যাচ্ছে। পরিবারের প্রত্যেকটা লোকের চোখে মুখে দারিদ্র্যের ছাপ সুস্পষ্ট। উঠোনে বিনোদিনী উনুনের ধারে বসে কী যেন একটা সেদ্ধ করছে হাঁড়িতে আর জ্বাল ঠেলছে। দাওয়ার ওপর বসে আছে রুগ্‌ণ মাখন।

বিনোদিনী। (উনুনের মুখে মুখ লাগিয়ে ফুঁ দিতে গিয়ে চোখে মুখে ধোঁয়া খেয়ে চোখ রগড়াতে রগড়াতে ঘুরে বসে) বাব্বা, এ কাঁচা পাতা কি ছাই জ্বলে? ধোঁয়া খেতে খেতে প্রাণ গেল। নাঃ, বসা যায় না!

মাখন। তা সে ওখানে বসে ধোঁয়া খেয়ে মরছ ক্যানো? মোটা একটা ডাল লাগিয়ে দিয়ে দাওয়ার ওপরে এসে বসো দিকিন্! সেদ্ধ হচ্ছে তো ভারি জগডুমুর—গরুতেও খায় না! সরে এসো একখানা ডাল লাগিয়ে দিয়ে! যে না আমার রান্না!

বিনো। নে, বসে বসে তুই আর সব সময় ফোঁপরদালালি করিস নে তো মাখন। চুপ করে থাক। এই রান্নারই বলে দাম দেয় কে, তার আবার—

মাখন। নিত্যি, ঐ এক ডুমুরের কলা সেদ্ধ, আর কচুর নতির ঝোল ও আজ আমি কিছুতেই খাব না।—

বিনো। ওঃ, না খাস তো আমার ভারি বয়েই গেল। আনলেই পারিস ভালোমন্দ দেব্য খুঁজে পেতে।

(জীর্ণ বসনে এক-পা কাদা নিয়ে প্রধানের প্রবেশ কোঁচড়ে একগাদা খুদে কাঁকড়া)

প্রধান। (হেসে) ভালোমন্দ দেব্য খুঁজে পেতে আনা কি সহজ কথা? (কোঁচড়ের কাঁকড়া নেড়ে) এই কটা তাই কত করে, —দেখি এট্টা পাত্তর টাওর—না, তাই বা আবার পাবো কোথায়।—এই কোনো এট্টা কিছু, ঢেলে দেব।

[ বিনোদিনী প্রস্থানোদ্যত ]

—যা হয় এট্টা নিয়ে এসো খপ্ করে।—ওঃ, গা-হাত-পা একেবারে চুলকে মলাম। পচা কাদা!

[ বিনোদিনীর প্রস্থান ]

মাখন। ধরলে কোত্থেকে, অনেকগুলো তো! সে দিনকারগুলো ছিল ছোট্ট ছোট্ট। আজকেরগুলো বেশ ডাগর ডাগর।

প্রধান। (হেসে) বড় হয়ে উঠেছে সব। জলেও টান ধরেছে, আর সব এখন খাল খন্দর ভেতরে গিয়ে সিঁদুচ্ছে। ধরা কি সহজ কথা?.....

[ ভাঙা একটা চুবড়ি নিয়ে বিনোদিনীর প্রবেশ ]

এনেছ, রাখো। (হাসতে হাসতে) নুন লঙ্কা দিয়ে খুব খটমটে করে ভেজে নিয়ে....মাখনরে দিয়ো যেন বৌমা দুটো খানি।

[ কুঞ্জর প্রবেশ ]

কুঞ্জ। মাখনরে আবার কী দেবে?..... কিচ্ছু দিয়ো না ওরে খেতে টেতে। জিতেনবাবু বারণ করে গেছেন পই পই করে।

মাখন। খাব তো না, এমনি এট্টুখানি চেখে দেখব।

কুঞ্জ। ওঃ, সুখ খায় গুড় দিয়ে মুড়ি। আর চোখে দ্যাখে না। চোখে দেখব! জিনিসটা কী শুনি?

মাখন। ক্যাঁকড়া।

কুঞ্জ। য়্যাঁ, ক্যাঁকড়া! ক্যাঁকড়া খাবি তুই?..... খবরদার ও যেন ক্যাঁকড়া ফ্যাঁকড়া না খায়। হ্যাঁ, এই বলে দিলাম সবাইকে।

প্রধান। তো শাসাচ্ছিস কারে তুই তাই বলে, য়্যাঁ! আ গেল যা। তিরিক্ষে হয়েই আছে মেজাজ দেখি সব সময়।

[ এক বোঝা শাক পাতা নিয়ে রাধিকার প্রবেশ ]

কুঞ্জ। (ক্ষোভে ও দুঃখে) ও, মেজাজ দেখলে! এর ভেতরও মেজাজ দেখলে? আমি বলে সারাটা দুপুর এই রোদ্দুরের ভেতরে পাতি পাতি করে সন্ধান করে জোগাড় করে নিয়ে এলাম

কাওনের চাল কটা, ডাক্তার বলে গেছে, আর এসে শুনি যে ছেলে আমার ক্যাঁকড়া খাবার জন্যে ব্যাগ ধরেছেন। তোর অপত্য স্নেহের নিকুচি করেছে.....(গামছা থেকে কাওনের চালগুলো ছড়িয়ে দেয়) যাগ্‌গে, দরকার নেই কাওনের চালের, যাগ্‌গে।

রাধি। তা এত কষ্ট করে না আনলেই পারতে। এনে আবার ছড়িয়ে নষ্ট করার দরকার ছিল কী?

কুঞ্জ। (দুঃখে) আমার সব কষ্টের মূল্য তো চিরকালই এই রকম। এর বেশি আর কবে কোন দিন পেয়েছি?

[ রাধি করুণ চোখে তাকিয়ে থাকে ]

প্রধান। (উঠে গিয়ে) দে, দেখেছ কাণ্ডবাণ্ড, দেখেছ? (হাত দিয়ে চালগুলো সাপটে) সারাটি দিন এই কষ্টের কষ্ট করে কাওনের চাল কটা কুড়িয়ে বাড়িয়ে নিয়ে এল, কী না কী বলেছি— অমনি দিলে তারে ছড়িয়ে মাড়িয়ে—

কুঞ্জ। কষ্ট যা তা তো হয়েছে আমার। তার জন্যে তো আর কাউকে আফ্‌শোস করতে হবে না।

প্রধান। (চাল সাপটাতে সাপটাতে) তাই যদি বুঝবি তুই তবে আর আমার দুঃখুটা কিসের?

কুঞ্জ। থাক, আর নাকি-কান্না কাঁদতে হবে না তোমার। .... যথেষ্ট হয়েছে। কত ছলনাই জানো?

প্রধান। (স্থির দৃষ্টিতে মুহূর্তকাল চেয়ে থাকে) কী, কী বললি তুই কুঞ্জ! ছলনা! নাকি-কান্না! আমার সহানুভূতি মিথ্যে তোর কাছে? অপমান করলি তুই আমারে! আমারে অপমান করলি তুই!! তুই আমারে অপমান করলি—

[ কেঁদে ফেলে ]

কুঞ্জ। আমার হয়েছে মহা জ্বালা। বুঝলে, মহা জ্বালা। অপমান আবার তোমারে করলাম কখন?

প্রধান। অপমান নয়? এর চাইতে আর কী-ভাবে তুই আমারে অপমান করতে চাস? কী-ভাবে আর অপমান করতে চাস্? তোর কাছে আমার দুঃখ, সহানুভূতি সব মিথ্যে, ছলনা! তার চাইতে তুই আমার মাথায় তুলে—

(সামনের একখানা কাঠ দিয়ে নিজের মাথায় আঘাত করে বসে।
রাধিকা, মাখন চেঁচিয়ে ওঠে!)

কুঞ্জ। (ছুটে গিয়ে হাতখানা চেপে ধরে) কী হচ্ছে কী এ সব? জেঠা কী কর?

প্রধান। (ক্ষোভের সুরে) তুই আমারে খুন করে ফেল কুঞ্জ। আমার সব জ্বালা যন্ত্রণার অবসান হয়ে যাক। আমার সব জ্বালা যন্ত্রণার—

[ চাপা আর্তনাদ করতে থাকে ]

কুঞ্জ। (কাঠ ফেলে দিয়ে) ছি ছি ছি ছি ছি ছি। রাগের মাথায় কী না কী বলেছি, অমনি—

নাঃ একেবারে ছেলেমানুষ, হচ্ছ তুমি দিন-কে-দিন।—কথার ভেতরে তো বলেছি যে অসুখে ভুগছে, আর তারপর ডাক্তারও বারণ করে গেছে, ক্যাঁকড়া ফ্যাঁকড়া যেন না দেওয়া হয় ওরে, তাতে করে এই অনাসৃষ্টি কাণ্ড বাধিয়ে বসবার কী দরকার ছিল? ছি ছি ছি ছি।

প্রধান। অসুখ! বলি অসুখটা কী রে ওর, য়্যাঁ—

কুঞ্জ। হাত-পা ফুলে গেছে, চোখ হলদে পানা, অসুখ না?

প্রধান। বুঝলাম, সব বুঝলাম। কিন্তু অসুখটা কি খাওয়ার জন্যে, না না-খাওয়ার জন্যে, সেই কথাটা জিজ্ঞেস করি।

[ কুঞ্জ নিরুত্তর ]

রাধি। আজ মাসখানেক হল ও তো একরকম না-খাওয়ার ওপরেই আছে। কী খায় ও?

কুঞ্জ। তা অসুখ হলে মানুষ আবার খায় কী?

প্রধান। অসুখ! অসুখ! হেঃ, অসুখ! কুঞ্জ, আমি কিন্তু এক মুহূর্তের জন্যেও ভুলতে পারব না, যে শুধু না খেতে পেয়ে ছেলেটা শেষ হয়ে যাচ্ছে তিলে তিলে। শুদ্ধু না খেতে পেয়ে ...

কুঞ্জ। না না, ওর ভীষণ অসুখ! ডাক্তার বলে গেছে জেঠা ওর ভয়ানক অসুখ। জেঠা তুমি জানো না ওর .......

মাখন। আমার খিদে। আমি খাব। আমায় খেতে দে। আমি খাব।

প্রধান। আমি ভুলতে পারবো, আমারে কেউ ভুলোতে পারবে না যে শুদ্ধু না খেতে পেয়ে ।

কুঞ্জ। জেঠা, ওর অসুখ। তুমি ভুল করছ ভেঠো, ওর ভয়ানক অসুখ। ডাক্তার বলছে ওর ভয়ানক অসুখ।

প্রধান। আমারে কেউ ভুলোতে পারবে না। ডাক্তার যাই বলুক আমি ভুলব না, আমারে কেউ ভুলোতে পারবে না—

কুঞ্জ। তুমি বুঝতে পারছ না জেঠা ওর ভয়ানক অসুখ—

প্রধান। আমি ভুলব না যে শুদ্ধু না খেতে পেয়ে ছেলেটা মরে গেল।—আমারে কেউ ভুলোতে পারবে না—

(পটক্ষেপ)

## পঞ্চম দৃশ্য

(ঐ একই পরিবেশ। মহামড়কে উজাড় হয়ে যাচ্ছে সৃষ্টি। নেপথ্যে চলেছে 'বল হরি হরি-বোল' আর 'মাগো মাগো'—ধ্বনির বিরামহীন আবহ, আর্ত কণ্ঠধ্বনি। রাধিকার অসুখ। রুক্ষ এলোচুলে সে বসে আছে দাওয়ার ওপর অসুস্থ মাখনের শিয়রে। আর বিনোদিনী ঝাঁটা দিয়ে উঠোন ঝাঁট দিচ্ছে।)

বিনোদিনী। (ঝাঁটা হাতে সামনে ঝুঁকে পড়ে রাধিকাকে) আর এই ধ্বনির যেন বিরাম নেই। কান একেবারে ঝালাপালা হয়ে গেল দিবানিশি। উঃ, কি লোকটাই না মরছে!

রাধি। দেখছ কী, কিছু কি থাকল! হুঃ, উজোড় হয়ে গেল গাঁ। উত্তর পাড়ায় তো সে একেবারে, থাক আর না করব না, একেবারে ছেয়ে গেছে। এমন অবস্থা হয়েছে যে, এক বিন্দু জল যে গালে দেবে তার পর্যন্ত কেউ নেই।—কী যে হবে সব!—এমন আকালও দেখিনি এমন মৃত্যুও দেখিনি কোনো দিন।

বিনো। (বসে পড়ে, রাধিকার প্রতি) এই রকম আকাল পড়িছিল নাকি আর একবার। অবিশ্যি, আমরা কেউই দেখিনি, মায়ের মুখ থেকে শোনা কথা বলছি। তা তিনিও আবার নিজের চোখে দেখেননি, ভাব ঠাকুরমার থেকে শুনেছেন। দিদি জানো?

রাধি। ন্-ও আ।

বিনো। (উঠে দাঁড়িয়ে) সে নাকি এর চাইতেও ভীষণ।

ঝাঁট দিতে আরম্ভ করে। রাধিকা মৃদু একটা মুখ ঝাপটা দিয়ে ঘাড় বাঁকায়।
নেপথ্যে হারু দত্তের গলা খাঁকারির আওয়াজ।

হারু দত্ত। (নেপথ্যে) ই-য়ে প্রধান?

[ হারু দত্তের প্রবেশ ]

—ই-য়ে গে, প্রধান আছো?

(হারু দত্তকে দেখে বিনোদিনী ঘোমটা টেনে পেছনে ফিরে দাঁড়িয়ে রইল চুপ করে। রাধিকাও হারু দত্তের অলক্ষ্যে মাথায় কাপড় তুলে দিল)

রাধি। বাড়ি নেই কো।

হারু দত্ত। আরে এই যে মাখনের মা, তা প্রধান যে আমারে বলে এলে—

রাধি। (দাওয়ার ওপর একটা বস্তা পেতে দিয়ে) হ্যাঁ, বসতে বলে গেছে।

হারু দত্ত। বসতে বলে গেছে?

রাধি। হ্যাঁ, বললে বলে এই যাব আর আসব। এলে পরে বসতে দিয়ো।

হারু দত্ত। তা ফিরবে তো তাড়াতাড়ি, না কী?

রাধি। বলে তো গেছে।

হারু দত্ত। (বসতে বসতে) বসতে বলে বেরিয়ে গেল, উঁ.... তা ও শুয়ে কেডা?

রাধি। ঐ তো মাখন। আজ কদিন হয়ে গেল, এ ছেলের হাঁ না কোনো বাক্যি নেই মুখে। চোখ মুখ সব ফুলে পড়েছে। কী যে অদৃষ্টে আছে!

হারু দত্ত। উঁ—তা তোমারও কি অসুখ নাকি? বড্ড শুকনো শুকনো মন মনে হচ্ছে যেন।

রাধি। (মাথায় হাত দিয়ে) অসুখ, আজ কদিন হল একেজ্বরি হয়ে আছি। এ জ্বরের কিছুতেই বিরাম নেই।

হারু দত্ত। উঁ, তা ওযুধ-পত্তর খাচ্ছ?

রাধি। (নাকি সুরে) ওযুধ কোথায় পাব বাবা? সামান্য এট্টু পত্যি তাই বলে.....

হারু দত্ত। নিমছাল, নিমছাল। ওযুধ বলতে কি আমি আর অন্য কিছু বলছি, হেঃ। নিমছাল। বেশ করে ধুয়ে এট্টা হাঁড়ি করে না—সে তুমি আবার তা ঠিক পারবে না। কতকগুলো প্রক্রিয়া আছে। তা এখান থেকে এখানে পাঠিয়ে দিলেই পারো কাউকে এট্টা শিশি দিয়ে।

রাধি। (বিনোদিনীর প্রতি) তা দাঁড়িয়ে রইলি কেন ঠায় পেছন ফিরে? বাবাঠাকুরের কাছে তোর আবার লজ্জা কিসের এত! আয় বোস!

হারু দত্ত। (হেসে) কেডা ও, নিরঞ্জনের বউ না? আরে দ্যাখো দ্যাখো কাণ্ড দ্যাখো। আমি ভাবলাম বলি আর কেউ বা হবে। আচ্ছা বল মাখনের মা, পথে ঘাটে চলতে ফিরতে আমার বাড়ি তোমার বাড়ি দু-বার ছেড়ে অমন দশবার করে দেখা হচ্ছে রোজ বউমার সঙ্গে, তবু এত লজ্জা! হেঃ হেঃ লজ্জা, তা ভালো, লজ্জা ভালো! বউ মানুষ কি না! তা ভালো।

রাধি। (বিনোদিনীর প্রতি কটাক্ষ করে) ঐ তো ভাবই ঐ রকম। অথচ আপনি দেখেননি (বিনোদিনীর দিকে ভেংচি কেটে দত্তের দিকে এমন মুখ করল যে বিনোদিনী কতই মুখরা) তা দাঁড়িয়ে রইলি ক্যানো তল্লা বাঁশের মতো, বোস্ এখানে এসে। বাবাবাঠাকুর যে তোর বাপপিতেম'র সমতুল্য।

(চোখ দুটো মুহূর্তে চকচক করে জ্বলে ওঠে বিনোদিনীর। একটু ইতস্তত করে বিনোদিনীর দ্রুত প্রস্থান)

রাধি। (বিনোদিনীর প্রতি শ্লেষের ভঙ্গিতে দত্তকে) দেখলেন তো?

হারু দত্ত। হেঃ হেঃ ছেলেমানুষ কিনা!—তা দিয়ো যেন পাঠিয়ে এট্টা শিশি দিয়ে। একেজ্বরি হয়ে থাকা ভালো কথা না। দিনকাল বড়ো খারাপ, বড়ো খারাপ। এমনিই দেখছ তো সব চারদিকে—

রাধি। তা আর দেখছি নে! ভয়ে বলে হাত-পা পেটের ভেতর সেঁদিয়ে যাচ্ছে।

হারু দত্ত। (চোখ কপালে তুলে) উঁ—

[ প্রধানের প্রবেশ ]

এই যে এয়েছো।

প্রধান। (একটু ঘাবড়ে গিয়ে) এই এট্টু দেরি হয়ে গেল. আর—তা এয়েছেন কতক্ষণ?

হারু দত্ত। তা-া অনেকক্ষণ হল। বসে আছি তোমার জন্যে।

প্রধান। (মাথা চুলকে) দেখুন দিনি। বসতে বলে গিছলাম কিন্তু।

হারু দত্ত। হ্যাঁ, তা শুনেছি। .... তারপর? কী ঠিক করলে?

প্রধান। ঠিক মানে .... বলব বা কী!

হারু দত্ত।	ঠিক মানে....বলব বা কী!

হারু দত্ত।	সে আবার কী। তা (হাত তুলে) বলি বিক্রি তো করবে, না কি! মনোগত অভিপ্রায়টা কী তাই খুলে বল। জোর করে তো আর আমি তোমারে জমি বেচে ফেলতে বলছি নে!

প্রধান।	তো রন্ এট্টু বসুন, কুঞ্জ আসুক।

হারু দত্ত।	কুঞ্জ আসবে!

প্রধান।	হ্যাঁ, এই এল বলে।

হারু দত্ত।	তা কুঞ্জরে দিয়ে আমি কী করব? তার সঙ্গে আমার তো কোনো দরকার নেই। আর আলাপ আলোচনা, আগে কি এ সম্বন্ধে তার সঙ্গে তোমার কোনো কথাবার্তাই হয়নি?

প্রধান।	কথাবার্তা—আর কী বা এমন বিশেষ, তবে হ্যাঁ বলিছি।

হারু দত্ত।	বলেছ?

প্রধান।	হ্যাঁ বললাম বলি জমি-জায়গা যখন—

হারু দত্ত।	তা যাগ্‌গে সে তুমি বোঝোগে ; আমি আর সে কথা শুনে কী করব? তা.... কুঞ্জ কী বল্লে?

প্রধান।	বললে .....

হারু দত্ত।	বলো. বলো।

প্রধান।	কুঞ্জ তো বারণ করে ; বলে যে না থাক দরকার নেই জমি বেচে ও দরে।

হারু দত্ত।	বারণ করে, উ—উ—উ, তা তুমি কী বল?

প্রধান।	আ—মি বলি, এখন কথা কী জানেন—

হারু দত্ত।	দ্যাখো প্রধান, এট্টা কথা বলি। কারবার তোমার সঙ্গে আমি এই নতুন করছি নে। আর তুমিও তো জান আমারে না কী? এই যে মগরার বিলের জমি বিক্রি করলে সেদিন, হিসেব করে দ্যাখো, আর পাঁচজনই বা ঐরকম জমির কী দর দিয়েছে, আর আমিই বা তোমারে কী দর দিইছি! যাচাই করে দ্যাখো! আর এই যে কিনছি আমি, বলতে গেলে এ তো আমার একরকম লোকসান। মরলোক তো আর কিছুই আমার হাতে আসছে না। বলবে আবাদি জমি, কিন্তু এখন তো অনাবাদি-ই হয়ে রইল। হাল তো আর আমি ধরতে যাচ্ছি নে জমিতে! থাকল পড়ে এখন ঐ অবস্থায়! মাঝখান থেকে খামখা কতকগুলো টাকা আমার গাঁটগচ্চা চলে গেল। তো এর ওপর আমারে আর কত লোকসান দিতে বল তুমি?—এই যে সব সাহায্যের কথা শুনি, চাল দিচ্চে, ডাল দিচ্ছে, খিঁচুড়ি খাওয়াচ্ছে, বস্তুর দিচ্ছে সব ভদ্দরলোকেরা, সত্যি কথা বলতে গেলে এ-ও তো আমার একরকম সাহায্য ; মাটির বদলে টাকা দিচ্ছি। কী দাম আছে মাটির আজ বল তো? অবিশ্যি হ্যাঁ, ছাগল তোমার, এখন সে তুমি মাথার দিকেই কাটো, ন্যাজের দিকেই কাটো, আমি বলতে

যাব না। তবে ঐ, ওর বেশি আর আমি এখন এক আধলাও দিতে পারব না। অসম্ভব এট্টা কথা বললেই তো আর হয় না।

[ কুঞ্জর প্রবেশ। মাথায় এক বোঝা ঘাস ]

এই যে কুঞ্জ এয়েছো—তা ও ঘাস আনলে কোত্থেকে?

কুঞ্জ। এই পাঁচ জায়গা ঘুরে ঘুরে।

হারু দত্ত। উঁহু, এ যেন আমার ঢোলকলমি জলার ঘাস বলে মনে হচ্ছে! তা সে যা করছ করেছ, আর কেটো না। ঘাসের আজকাল বড্ড দর।

কুঞ্জ। না, এই তো দুগাছা নিইছি।

হারু দত্ত। তা সে ঐ দুগাছার দামই অতি কম এখন আটগণ্ডা পয়সা। আর কেটো না।—তা হলে আমাদের এদিকে কী হল প্রধান? কবালা করছ কবে তাই বলো। কাল সময় হয় না তোমার?

কুঞ্জ। (দত্তের দিকে কটাক্ষ করে) কিসের কবালা, ও জমি বিক্রি নেই।

হারু দত্ত। (হেসে) দ্যাখো দ্যাখো কী বলে পাগল। তা সে ঘাস জমি আমি তোরে দেবখন। জমিতে ঘাস ছাড়া এখন আর কী জন্মায় রে আহাম্মক? হেঃ, নিসকোন্ তুই ঘাস।

কুঞ্জ। না তা সে আপনি যাই বলুন, ও জমি বিক্রি নেই।

হারু দত্ত। বলি হ্যাঁ রে, জমি ধুয়ে খেয়ে কি পেট ভরবে, য়্যাঁ? য়্যাঁ-হ্যা—হ্যা—হ্যা জমি বিক্রি নেই।

কুঞ্জ। না, তা সে বললে কী হবে—

হারু দত্ত। (হেসে) তুই চুপ কর। ছেলেমানুষ তুই, জমির কী বুঝিস, রে।—তা হলে প্রধান ঐ কথাই থাকল, কী বল?

কুঞ্জ। তা ও জেঠা কী বলবে? বলছি বলি জমি বেচব না, তা আপনি সে একেবারে জোঁকের মতো লেগে আছেন সদাসর্বদা জেঠার পেছনে। ও জমি বিক্রি হবে না।

হারু দত্ত। হেঃ, হেঃ, হেঃ, তোমার ভাইপোটি, বুঝলে প্রধান, একেবারে মাথা খারাপ ; কোনো দিকে হুঁস নেই। —এই তো শুনলাম আজ কদিন থেকে ভুগছে অসুখে মাখনের মা। কেন, দু'পা এগিয়ে গিয়ে (কুঞ্জের প্রতি) আমার জ্বরঘ্ন পাঁচনটা নিয়ে আসতে তোমার কী হয়, কী হয়? যাবি বুঝলি, নয় তো আর কাউকে পাঠিয়ে দিস্ বলে গেলাম।

কুঞ্জ। অসুখ অনাহার, তা ওষুধ দিয়ে কী হবে?

হারু দত্ত। অসুখ অনাহার। হেঃ হেঃ, তোমার ভাইপোটি বুঝলে প্রধান, বড্ড রসিক তো! ভালো ভালো কথা বলে বেশ কুঞ্জ!.... তা হলে ঐ কথাই থাকল প্রধান।

[ প্রস্থানোদ্যত ]

প্রধান। না, থাক জমিটুকু বাবা, থাক। আর সবই তো গেছে, জমিটুকু আর বেচব না।

হারু দত্ত। আচ্ছা তো নিয়ো'খন পুরিয়েই।

প্রধান। না থাক্।

হারু দত্ত। আবার কী থাক্, পুরিয়েই নিয়ো'খন।

প্রধান। কুঞ্জ!

কুঞ্জ। টাকার লোভানি দিয়ে দেশশুদ্ধ লোকের ধানগুলো সব নিয়ে গেছে এর আগে, এখন আবার জমি ধরে টান মারতে এয়েছে। ও জমি বিক্রি হবে না বলে দ্যাও।

প্রধান। তাই বলব—না, ও বেচব না বাবা থাক্।

হারু দত্ত। বেচব না!—কথার খেলাপ করো না হে প্রধান.....কথার খেলাপ করো না।

কুঞ্জ। বলি খেলাপের কথা ওঠে কিসে, হ্যাঁ গো মশায়? ওঠে কিসে খেলাপের কথা? দুঃস্থ অভাজনের ওপর অনাহক এরে বলে কী অত্যাচার। জমি যার সে বলছে বিক্রি করব না ; আর উনি শুধু বলছেন কথার খেলাপ করেছে। ভারি আমার কথা রাখনেওয়ালা রে।

প্রধান। (কুঞ্জকে বাধা দিয়ে) আ-হ-া, তুই চুপ কর, দিনি কুঞ্জ।

কুঞ্জ। (চেঁচিয়ে) কেন চুপ করার কী হয়েছে? চুপ করবে! এই চুপ করে থাকতে থাকতে একেবারে বোবা হয়ে যাবে, বোবা হয়ে যাবে এই বলে দিলাম, হ্যাঁ।

প্রধান। তা সে যাই যাব, তুই চুবো।

কুঞ্জ। কেন, কিসের জন্য। গলা দিয়ে এইবার এট্টা রা কাড়ো বুঝলে, —চেঁচাও,—অন্তত আর পাঁচ জন মানুষ জানুক।

প্রধান। আ-হা-া, তুই চুপ করে দিনি কুঞ্জ।

কুঞ্জ। চুপ করবে!

হারু দত্ত। কথার যে বড় পাঁয়তাড়া দেখি, উঁ?

কুঞ্জ। তবে, এখনও ভয় করে চলতে হবে। এখনও ভয়?

হারু দত্ত। উঁ, তা সে আমারে ভয় না করে—

[ওপরে হাত তোলে]

কুঞ্জ। জানি, জানি, ওপরের দিকে হাত দ্যাখাবে, তা জানি। তা সে বিশ্বাস ভেঙে গেছে ; ওতে আর ভয় করি নে।

হারু দত্ত। উঁ, সোজা শিরদাঁড়টা তা হলে এইবার তো দেখি এট্টুখানি বেঁকিয়ে দিতে হয় ; বেটা ছোটলোকের এত বড়ো আস্পর্ধা!

কুঞ্জ। এই গালাগালি দিয়ো না বলছি, ভালো হবে না।

[হারু দত্তের ছোট মেয়ে মাতির বেগে প্রবেশ]

হারু দত্ত। (মেয়েকে সামলে) ছোটলোক গালাগালি হল? বেটা হারামজাদার কথা শোনো ছোটলোক গালাগালি হল?

কুঞ্জ। এই মুখ সামলে কথা বলো কিন্তুক।

হারু দত্ত। দে-দ্যাখো একবার—

মাতি। (আর্তকণ্ঠে) বাবা!

হারু দত্ত। যা তো মাতি, ডেকে নিয়ে আয় তো তোর মামারে, আর চণ্ডীমণ্ডপ ঘরে যারা যারা আছে। যা—

[মাতির দ্রুত প্রস্থান]

প্রধান। তা আপনি যান বাবা! এক তো জমি, তা সে আমি বিক্রি করব না ফুরিয়ে গেল!

হারু দত্ত। না অত সহজে ফুরিয়ে যায় না, অত সহজে ফুরিয়ে যেতে দেব না।

প্রধান। খামখা কথা বাড়াচ্ছেন বাবু আপনি?

হারু দত্ত। কথা বাড়াচ্ছি আমি, উঁু, বুড়ো হলেও তুমি তো দেখেছি একটি কম খচ্চর নও প্রধান।

কুঞ্জ। (আস্ফালন করে) হেত্তেরি শালা নিকুচি করেছে তোর ঝামেলার—

কুঞ্জর বেগে প্রস্থান। মঞ্চের অপর দিক থেকে লাঠিসহ দু তিনজন বলিষ্ঠ লোকের প্রবেশ

হারু দত্ত। দে তো রে আচ্ছা করে ঘা দু-চ্চার

(লাঠি হাতে কুঞ্জর বেগে প্রবেশ। কুঞ্জর লাঠির ওপর লাঠির ঘা পড়ে। মাথায় ঘা খেয়ে কুঞ্জ মাটিতে বসে পড়ে। একজন প্রধানকে আগলে রাখে)

১ম ব্যক্তি। (কুঞ্জের প্রতি) শালা না খেয়ে মরতে বসেছ, এখনও তেলানি গেল না!

২য় ব্যক্তি। এই পায়ে ধরে মাফ চা। চা মাফ!

(কুঞ্জ বুকে হেঁটে হারু দত্তের পা ধরবার জন্যে এগিয়ে যায়। হারু দত্ত দু-পা পিছিয়ে দাঁতে পিচ কাটে)

হারু দত্ত। পায়ে হাত দিস নে, পায়ে হাত দিস নে, য়্যাঁ ঃ।

(বিনোদিনীর প্রবেশ। বারান্দার ওপর অসুস্থ মাখন উত্তেজনায় উঠতে গিয়ে ঘুরে পড়ে যায়। রাধিকা ও বিনোদিনী আর্তকণ্ঠে চেঁচাতে থাকে।)

হারু দত্ত। (কুঞ্জের মুখের ওপর লাঠি ঠুকে) বড় যে লম্বা-চওড়া কথা, উঁ? বড় যে—। (লাঠি ঠুকে) কেন, কার সঙ্গে কী কথা বলিস্ ঠিক থাকে না? উঁ, মনে থাকে না?

[অপমানাহত কুঞ্জ গুমরে কাঁদে শিশুর মত]

প্রধান। মেরে ফেলোনি বাবা ওরে। বাবা, মেরে ফেলোনি। মেরে ফেলোনি।

২য় ব্যক্তি। এই ওপ্। (লাঠি খেয়ে প্রধান বসে পড়ে)

(কুঞ্জর কান্না আরও জোরালো হয়ে ওঠে। রুগণ মাখন তার সমস্ত শক্তি সংহত করে উঠে দাঁড়াবার চেষ্টা করতে গিয়ে মাথা ঘুরে পড়ে যায় মাটিতে। ছুটে যায় বিনোদিনী, রাধিকা, প্রধান। মরণাহত মাখনের মুখের ওপর গিয়ে সব হুমড়ি খেয়ে পড়ে।)

রাধি।	হায় হায় হায় হায়, আমার সব গেল গো, সব গেল। ও মাখন, মাখন—

প্রধান।	(বিনোদিনীর প্রতি) এট্টু, জল, জল আন। জল—

রাধিকা।	ও মাখন, মাখন রে—

[আর্তকণ্ঠে মাখন গাঁইগুঁই শব্দ করতে থাকে]

প্রধান।	মাখন, মাখন রে ে - ে -ঃ, —কুঞ্জ দ্যাখ, মাখনরে একবার তুই দ্যাখ।

(রাধিকা কেঁদে ফেটে পড়ে। ভয়বিহ্বল বিনোদিনীর চোখমুখ ভেঙে নেমে আসে একটা সমূহ বিপৎপাতের কালো ছায়া।)

কুঞ্জ।	(মুখ তুলে মাখনের দিকে) য়াঁ, মাখন, মাখন...

প্রধান।	মাখন চলে গেলি!

(পটক্ষেপ)

## ৪৭.৮ সারাংশ ঃ (নবান্ন ঃ প্রথম অঙ্ক)

'নবান্ন' নাটকটি চার অঙ্কে পনের দৃশ্য নিয়ে পরিকল্পিত হলেও অভিনয় কালে ১৪টি দৃশ্য ব্যবস্থা করা হোত। মূল নাটক প্রথম প্রকাশকালের পাঠ (অরণি), এর সঙ্গে সম্পাদিত অভিনয় কপি (Prompter কপি) ও মুদ্রিত বইয়ের মধ্যে বেশ পার্থক্য আছে। এ সম্পর্কে শ্রীসুধী প্রধান নানা প্রবন্ধে তাঁর বক্তব্য ও প্রমাণ উদ্ধার করেছেন। তা সত্ত্বেও কাহিনীর তেমন কোন হেরফের হয়নি।

নাটকের ঘটনাস্থল আমিনপুর গ্রাম। সাম্রাজ্যবাদী যুদ্ধের প্রথম ধাক্কাটি সামলিয়ে গ্রামবাংলার নিম্নবিত্ত মানুষ একটু আত্মস্থ হয়েছে যেই, অমনি নেমে আসে এক প্রাকৃতিক দুর্যোগ। সর্বগ্রাসী বন্যার তাণ্ডবে আর দুর্দান্ত ঝোড়ো হাওয়ায় গৃহস্থের মাথার উপরের চালটা যায় পড়ে। আমিনপুরের পায়ের নিচের শক্ত মাটিটা যায় সরে।—'থাকবার মধ্যে ঘরখানাই ছিল, গেল। গেল! পথে নেমে দাঁড়াবারও তর সইল না রে কুঞ্জ, পথই ঘরে উঠে এল। ঘর বার সব একাকার হয়ে গেল। ও কুঞ্জ তোর কথাই সত্যি, তোর কথাই সত্যি হ'ল। প্রধান সমাদ্দাররে আজ পথে নেমে দাঁড়াতে হবে, —প্রধান সমাদ্দাররে আজ পথে নেমে দাঁড়াতে হবে। কুঞ্জ—তুই যে বলেছিলি—

[প্রধান ঃ প্রথম অঙ্ক, তৃতীয় দৃশ্য ]

সমস্ত আমিনপুর সর্বনাশা বন্যার কবলে চলে গেছে। ভেসে গেছে ঘর বাড়ি, মানুষজন, —'প্রধান, সমুদ্দুর, চারিদিকে শুধু সমুদ্দুর—জল আর জল, কিছু নেই শুধু জল....সমুদ্দুর উঠে এয়েচে গ্রামে। রাঙার মা, রাঙা, রাঙার মা রাঙার মা!!

[দয়াল ঃ প্রথম অঙ্ক, তৃতীয় দৃশ্য ]

গোটা আমিনপুরের জীবনের শতরঞ্জিটা ছিড়ে শতছিন্ন হয়ে গেছে। প্রাকৃতিক বিপর্যয়ে দুর্দশার একচ্ছত্র রাজত্ব হয়ে গেছে আমিনপুর।—জীর্ণ গৃহ-পরিবেশ। খসে খসে পড়ছে চালা। কোনো কোনো জায়গায়

খড়টুকুও নেই, শুধু বাখারির কংকালটুকু দেখা যাচ্ছে। পরিবারের প্রত্যেকটা লোকের চোখে মুখে দারিদ্রের ছাপ সুস্পষ্ট।'

[দৃশ্য বর্ণনা, প্রথম অঙ্ক, চতুর্থ দৃশ্য]

আমিনপুরের গ্রামে এই দুর্দশাগ্রস্থ প্রধান সমাদ্দারের পরিবার বন্যার কবলে পড়ে যখন ধুঁকছিল, তবুও পড়েছিল আমিনপুরের মাটি কামড়িয়ে। কিন্তু গ্রামের পয়সাওয়ালা লোভী ধূর্ত হারু দত্ত ও তার লোকজন এসে এই অসহায় পরিবারটার ওপর চালায় নিষ্ঠুর অত্যাচার। শেষ সম্বল একটুখানি জমি অল্প দামে কিনে নেওয়ার জন্য এসে যখন কুঞ্জর কাছে বাধা পায়, তখন তার জমির লোভটা নেকড়ের আক্রোশে পরিণত হয়। লোকজন নিয়ে ঝাঁপিয়ে পড়ে কুঞ্জর ওপর। —'মাথায় ঘা খেয়ে কুঞ্জ মাটিতে বসে পড়ে। ...... লাঠি খেয়ে প্রধান বসে পড়ে। ..... কুঞ্জর কান্না আরো জোরাল হয়। রুগ্ন মাখন তার সমস্ত শক্তি সংহত করে উঠে দাঁড়াবার চেষ্টা করতে গিয়ে পড়ে যায় মাটিতে। ছুটে যায় বিনোদিনী, রাধিকা, প্রধান। মরণাহত মাখনের মুখের ওপর গিয়ে সব হুমড়ি খেয়ে পড়ে।'

[প্রথম অঙ্ক, 'পঞ্চম দৃশ্য]

কিন্তু কেউ বাঁচাতে পারে না মাখনকে। কুঞ্জ রাধিকার একমাত্র সন্তান, দস্যুর হাতে বাপ ঠাকুরদার ওপর অমানুষিক অত্যাচারের আতিশয্য সহ্য করতে না পেরে ভয়ে আতঙ্কে অনতিক্ষণ পরে প্রাণ হারায়। সমাদ্দার পরিবার তার একমাত্র বংশধরকে হারিয়ে হাহাকার করে ওঠে আকাশ বাতাস কাঁপিয়ে। আর তখন, 'ভয়বিহ্বল বিনোদিনীর চোখ মুখ ভেঙে নেমে আসে একটা সমূহ বিপৎপাতের কালো ছায়া।' এই ইঙ্গিতময় বিবরণটুকুর মধ্যে পরিষ্কার হয়ে যায় সমাদ্দার পরিবারের ভবিষ্যৎ। গ্রাম ছেড়ে অনিশ্চয়তার পথ বেয়ে বাঁচবার মরণান্তিক প্রয়াসের আভাসটুকু ফুটে ওঠে বিনোদিনীর ভাবনায়।

## ৪৭.৯ মূলপাঠ ☐ নবান্ন ঃ দ্বিতীয় অঙ্ক

### প্রথম দৃশ্য

(কালীধনের গদী। উঁচু একটা ফরাসের এক কোণে মোটা একটা তাকিয়া ঠেসান দিয়ে বসে আছে কালীধন। মোটা কালো নাদুস-নুদুস চেহারা, গায়ে একটা ফতুয়া—গলায় সোনার চেন, হাতে সোনার তাবিজ। মাথার উপরে সিদ্ধিদাতা গণেশের প্রতিকৃতি। নিচে দেওয়ালের গায়ে সিঁদুরের গোলা দিয়ে বিচিত্রিত শ্রীশ্রীকালীমাতার শ্রীচরণ ভরসায় এই বারবার করিতেছি।" পাশে লাল কাপড়ে বাঁধাই করা স্তূপীকৃত খাতাপত্র। ঘরের মাঝখানে বিরাট একটা দাঁড়িপাল্লা। আধমণ, দশসের, পাঁচসের, আড়াই সের ও এক সের ওজনের লোহার বাটখারাগুলি ইতস্তত বিক্ষিপ্ত। গুদাম ঘরের একপাশে কতকগুলো খালি বস্তা সাজানো। কুলি ও বাবু গোমস্তা এধার-ওধার ঘুর-ঘুর করছে। সামনে দিয়ে চলেছে সব ভারবাহী কুলিরা, পিঠে তাদের সব দু-মণি চালের বস্তা। মাল সব গুদোমের চোরকুঠু রিগুলোতে চালান করে দেওয়া হচ্ছে হরদম। ক্যাশ বাক্সের ওপর উপুড় হয়ে পড়ে কালীধন মাঝে

মাঝে কী সব হিসেবপত্তর করছে, আর বিড় বিড় করছে। সামনে ফরাসের এককোণে সপ্রতিভ হয়ে বসে আছে হারু দত্ত ; পায়ের ওপর পা তুলে দিয়ে বিড়ি ফুঁকছে। বিড়ি ফুঁকছে আর কালীধনের দিকে প্যাটপ্যাট করে তাকাচ্ছে। কী একটা হিসেব কষা চলছে যেন সামনের খাতায় ; আর তারই প্রতিক্রিয়া নানা ভাবের সৃষ্টি করছে উভয়ের চোখেমুখে। ফরাসের ডানদিকের এককোণে মাছির মতো ডুবে আছে রাজীব, দোকানের বৃদ্ধ কর্মচারী, নথিপত্তরের মাঝখানে। এমন সময় একজন ছোকরা গোমস্তা, নিরঞ্জন ওরফে রাখহরি চাবির গোছা নাড়তে নাড়তে কালীধনের দিকে এগিয়ে এল।)

নিরঞ্জন। মাল সব গুদোমে উঠে গেছে।

কালীধন। ঠিক মতো তোলা হয়েছে তো?

নিরঞ্জন। হ্যাঁ সে—

কালীধন। একেবারে—

[ চোরকুঠুরির দিকে আঙুল তুলে খোঁচা মারলে ]

নিরঞ্জন। তিন নম্বর কামরায়।

কালীধন। তিন নম্বর। ঠিক আছে।—এইবার তুমি দ্যাখো, দ্যাখো আবার ওদিকে দ্যাখো। দ্যাখো। (হিসেবের খাতায় মন দেয়) চাবিটা—

নিরঞ্জন। হ্যাঁ এই তালাটা দিয়ে আসি!

কালীধন। দিয়ে আসি! এখনও লাগাওনি! কতবার করে বলতে হবে—নাঃ, আর চলল না কারবার।

[ নিরঞ্জন প্রস্থানোদ্যত ]

এদিকে শোনো। বললাম আর চললে অমনি হড়বড় করে। ভালো করে টেনে দেখো তালা ; আর বেরিয়ে আসবার সময় দু'খানা বস্তা টেনে দিয়ো খাদের মুখে, বুঝতে পেরেছ? যাও।

[ নিরঞ্জনের প্রস্থান ]

সব দেখে-শুনে করবে, এ সব কথা কি আর বার বার করে বলে দিতে হয়। ঝটপট সেরে এসে (নিরঞ্জনকে উদ্দেশ করে হারু দত্তের প্রতি) এদের নিয়ে কারবার চালাতে হয়। বলব কী তোমায় সে একেবারে ষাঁড়ের গোবর, কোনো কম্মেরই হোক! (নিম্নস্বরে) রেখেছি শুধু লোকটা বিশ্বাসী বলে। কেটে ফেলে দাও, এট্টা কথা তুমি বের করতে পারবে না মুখ দিয়ে।

হারু দত্ত। সে তো মস্ত গুণ।

কালীধন। রেখেছিও তো ঐ জন্যেই।

হারু দত্ত। আজকালকার দিনে একটা বিশ্বাসী লোক পাওয়া মানে—

কালীধন। (এক নজর তাকিয়ে ভ্রু তুলে) নিশ্চয়। (সঙ্গে সঙ্গে হিসেবে মনোনিবেশ করে, ঠোঁট দু'খানা নড়তে থাকে) তা হলে তোমার হল গিয়ে একুনে—আচ্ছা একটু সবুর করো, আসুক রাখহরি। আরে কই রে....(হিসেবে মন দেয়) বিড়ি খাও।

হারু দত্ত। হ্যাঁ সে—(বিড়িতে টান মারে) আমার আবার ওদিকে একটা কাজ ছিল!

কালীধন। আরো এসো। (দেশলাই দেয়। হিসেব কষে একটু পরে) চাল কিন্তু তোমার এবার তেমন সরেস নয় দত্ত!

হারু দত্ত। আর সরেস, দুদিন বাদে আর চালই পাও কি না তাই দ্যাখো, তার আবার...। এই তাই যা অবস্থা হয়ে উঠেছে মফস্বলে.....একেবারে খুনোখুনি ব্যাপার। অ্যাঁ....

[প্যাটপ্যাট করে চেয়ে থাকে কালীধনের দিকে ]

কালীধন। বুঝলাম, কিন্তু তোমার গিয়ে নন্দীদের ঘরে যে চাল দিচ্ছে সে কোত্থেকে! বেশ সরেস চাল! সে একটা চাল তুমি ভাঙা বা অন্য কিছু পাবে না।

হারু দত্ত। হ্যাঁ জানি, কিন্তু দর দিচ্ছে কত করে খবর রাখ!

কালীধন। কত!

হারু দত্ত। সাড়ে বাইশ। দেবে! দেবে!

কালীধন। সাড়ে বাইশ!

হারু দত্ত। তবে, বালাম কি আর মাঙনা হয়!

কালীধন। সাড়ে বাইশ অবিশ্যি বড্ড বেশি দর হয়ে যায়।

হারু দত্ত। তা ভালো জিনিশের ভালো দর দিতে হয়। নইলে হবে কেমন করে।—বলো তো দেখিএকবার চেষ্টা করে দু'দশ নৌকো যা পাই। তবে দর ঐ সাড়ে বাইশ, তেইশ, ওর এক আধলাও কিন্তু কম নয়। হয় তো বলো!

কালীধন। না ও দর দিতে পারব না। অনর্থক মার খেয়ে যাব।

হারু দত্ত। কী মার, লুফে নিয়ে যাবে পঁয়ত্রিশ চল্লিশে। নন্দীরা কি লোকসান দিচ্ছে!

কালীধন। না সে নন্দীরা যাই করুক, আমি ও দর দিতে পারব না। বাজারের কথা এখন কিছু বলা যায় না দত্ত, মেঘ-রোদ্দুরের খেলা চলেছে। ওরে ব্বাপ্রে বাপ রে....

হারু দত্ত। (খ্যাক্ খ্যাক্ করে হেসে) এই তো দ্যাখো, তোমরাই যদি এই রকম কথা বল তো আর সব কারবারিরা যায় কোথায়!

কালীধন। না না দত্ত তুমি বোঝ কী! নিদেনপক্ষে এখনও সওয়া লাখ টাকার মাল আমার এখানে-সেখানে ছড়িয়ে পড়ে আছে। অন্তত এই টাকাটা উশুল না হয়ে আসলে....

হারু দত্ত। তা সে উশুল হয়ে যাবে, হ্যাঁঃ।

কালীধন। সেই কি আর এট্টা কথা হল।—তুমি তো বলছ হয়ে যাবে, কিন্তু এই না হওয়া পর্যন্ত —রাত্তিরে ঘুমুতে পারি নে দত্ত, তুমি বল কী! খালি আজে বাজে কত কথা কত কী সে একেবারে ভীমরুলের চাকের মতো চারদিক থেকে এসে পাগল করে দেয়।

হারু দত্ত। বুঝতে পাচ্ছি ব্লাড প্রেসার হয়েছে।.... তা সে বড়ো বড়ো লোকের আবার ও সব না থাকলে চলে না।

কালীধন। (হেসে) তা যা বলেছ—

[ নিরঞ্জনের প্রবেশ ]

এই যে এয়োছো এতক্ষণে!

হারু দত্ত। হ্যাঁ তো ন্যাও এইবার এট্টু তাড়াতাড়ি করো। বড্ড দেরি হয়ে গেল আমার আবার ওদিকে।

কালীধন। সব টাকা কিন্তু আজ দিচ্ছি নে।

হারু দত্ত। সে কী—তো দ্যাও ; যা দেবে দ্যাও ; আমার আবার ওদিকে—

কালীধন। (হেসে) গুঁইবাবুদের ঘরে যাবে নাকি আজ! সে সব তো শুনলামই না। আর আসই একেবারে ঘোড়ায় জিন দিয়ে তার শুনব কখন! দু-দণ্ড বসে যে এট্টু বাজারের হালচাল সম্বন্ধে দুটো কথাবার্তা বলব—(নিরঞ্জনের প্রতি) কই, কী বললে, ক বস্তা হয়েছে!

নিরঞ্জন। ঐ পুরোপুরি ‘সাতশ বস্তা।

কালীধন। সাতশ’ বস্তা। এখন একগাড়ি—

হারু দত্ত। তুমি আগে আমারে যা দেবে তাও তো, তারপর সে তোমরা বসে সব হিসেব-পত্তর করোগে, হ্যাঁঃ।

কালীধন। (চাপা ধরা গলায়) আচ্ছা তা হলে তোমারেই আগে দিয়ে দেই। তোমারেই আগে দেই। ক্যাশবাক্সের ভেতর থেকে একতাড়া নোট বার করে হারু দত্তের হাতে গুনতি করে দেয়। গুণে ন্যাও।

হারু দত্ত। (গুনতি করতে করতে) আবার গুনতে হবে। পাঁচ-দশ পঞ্চাশ, পঞ্চাশ, পাঁচ হাজার পাঁচ হাজার, আর.... এতে কত দিলে!

কালীধন। আর পাঁচশো —

হারু দত্ত। আর পাঁচশো। এই দিলে এখন।

কালীধন। হ্যাঁ, হিসেব সে এখন তোমার থাকল।

হারু দত্ত। (এস্তে) তো থাক, থাক, তোমার কাছে হিসেব থাকবে তাতে আর আচ্ছা আমি চললাম। (উঠতে উঠতে) বড্ড দেরি হয়ে গেল। বাজারেই বা যাব কখন, কেনাকাটারই বা কী করব! —তো চললাম, আর ও কথার কী বললে! দেখব নাকি বালাম!

কালীধন। বড্ড বেশি দর হয়ে যায়।

হারু দত্ত। রাখলে পারতে কিছু , জিনিস ভালো ছিল। আর হয় তো পাবেই না।

কালীধন। জিনিস ভালো, দরও তো ভালো। আর কথা কী জানো, ওতে তেমন কিছু থাকে না। তুমি আমার বরং এই চালটাই আরও কিছু—

হারু দত্ত। তা সে তো বলেই গেলাম, তবে এটাও কিছু রাখলে পারতে।—তা সে বোঝ গে তুমি, আমি কিছু বলতে চাইনে—আমার আবার এদিকে.........

কালীধন। তা বলছ যখন এত করে, দিয়ো কিছু।

হারু দত্ত। কত?

কালীধন। কত দেবে!

হারু দত্ত। (হাতের পাঁচ আঙুল দেখিয়ে) এই।

কালীধন। (বিস্মিত ভঙ্গিতে) অত!.... তা দিয়ো, দিয়ো।

হারু দত্ত। (প্রস্থানোদ্যত) হ্যাঁ রেখে তো দ্যাও কিছু, তারপর এখন বোঝা না হয়, আচ্ছা আমি চলি তা হলে।

কালীধন। আচ্ছা—। (চেঁচিয়ে) আরে ইয়ে দত্ত। তারপর, ভালো কথা, আমার সেই জিনিসের কী করলে। আমার সেই জিনিস!

হারু দত্ত। কোন্ জিনিস বলো তো?

কালীধন। জিনিস, আবার বলতে হবে কোন জিনিস!

[ সন্দিগ্ধ দৃষ্টি মেলে এগিয়ে আসে আবার হারু দত্ত ]

হার দত্ত। (কৌতূহলী হেসে) কী বল দিনি, ও হো, মনে পড়েছে, মনে পড়েছে। তা সে হবে, হবে। ব্যবস্থা আমি সে ওদিকে একেবারে পাকাপাকি করে ফেলেছি। ঠিক হয়ে যাবে সব।

[ প্রস্থানোদ্যত ]

কালীধন। ঠিক তো—

হারু দত্ত। এই দেখবে হয় তো ফিরে পাকেই—

[ ফিরে চেয়ে হাসল ]

কালীধন। সত্যি, মাইরি

হারু দত্ত। তবে—

কালীধন। আচ্ছা-া-া-া

[ হারু দত্তের প্রস্থান ]

(ক্যাশবাক্সের ডালাটা তুলে ধরে কালীধন যেন কি সব নাড়াচাড়া করে, তারপর একটা

লম্বা চাবি বের করে একটু ফিরে শুয়ে পাশের লোহার সিন্দুকটা খুলে ক'তাড়া নোট ভেতরে চালান করে দেয়।)

রাজীব। (হাই তুলে তিন তুড়ি বাজিয়ে) রাধে গোবিন্দ বল মন।

কালীধন। সরকার মশাই।

রাজীব চশমার ফাঁক দিয়ে কালীধনের দিকে এক নজর তাকিয়েই নিজের কাজে মন দেয়। ও সরকার মশাই।

রাজীব। কইয়্যা ফ্যালাও, শুনত্যাছি।

কালীধন। চালানটা পাঠিয়েছিলেন ও বেলা?

রাজীব। (একদৃষ্টে কালীধনের দিকে তাকিয়ে) বিপিনবাবুর নামে তো? চব্বিশ নম্বর!

কালীধন। (খাতা দেখে) হ্যাঁ।

রাজীব। হ হ দিছি, রাখহরিরে দিছি। তাইলেও একবার জিগাও, পাঠাইল কি না চালানটা।

কালীধন। এই তো দেখুন গণ্ডগোল বাধান।

রাজীব। গণ্ডগোলের আবার কী আছে ইয়ার মধ্যে ; হ্যাঁ হে মহে—আরে কী যে কয় ওয়ার নামটা, রাখহরি রাখহরি। রাখহরি, চালানটা নি পাঠাইছ বিপিনবাবুর?

নিরঞ্জন। (কাজ ফেলে এগিয়ে যায়) নম্বর কত চালানের?

[জনৈক ভদ্রলোকের প্রবেশ]

কালীধন। নম্বর কত চালানের! এখন জিজ্ঞেস করছ নম্বর কত চালানের! নাঃ, কাজ-কারবার আর —(সহসা ভদ্রলোকের প্রতি) আপনি—

ভদ্রলোক। আমি—

কালীধন। ও বুঝতে পেরেছি, বুঝতে পেরেছি। মণ্টুবাবুর বাড়ি থেকে আসছেন তো—তা একটুখানি বসতে হবে আপনাকে ; এই বেশিক্ষণ না, একটুখানি বসুন—

[আগন্তুক ভদ্রলোক পাশের চেয়ারে বোকার মতো বসে পড়লেন।]

(নিরঞ্জনের প্রতি) তা যাও, আর হাঁ করে দাঁড়িয়ে থেকে এখন করবে কী। যা হবার তা তো হয়েইছে। কালও যায়নি, আজও গেল না চালানটা।

[নিরঞ্জনের প্রস্থান]

(রাজীবের প্রতি) আর আপনিও তেমনি দিয়েই খালাস। দিলেন যখন তখন আর একবার খোঁজ করে দেখলেই পারতেন যে চালানটা ঠিক পাঠানো হল কি না। সবাই যদি এখন—

রাজীব। আরে দিয়া তো রাখছি সেই কোন সকালে, তা সে যে পাঠায় নাই এহনতরি—

কালীধন। আহা দিছলেন তো বুঝলাম সকালবেলাই, কিন্তু জিনিসটা ঠিক পাঠানো হল কি না, মাঝে একবার খোঁজ নিয়ে দেখলেই পারতেন, চুকে যেত।

রাজীব। অহন জট তো আর নাই আমার মাথায়—

কালীধন। জট থাকা না থাকার কোনো প্রশ্ন হচ্ছে না। যাগ্‌গে, খামখা আপনার সঙ্গে তর্ক করে আর—(ভদ্রলোকের প্রতি) এইবার বলুন কী বলছিলেন আপনি। ও হ্যাঁ, আরে ওহে, সকাল বেলা আজ অনন্তধাম থেকে কোনো লোক এসেছিল কি? সরকার মশাই খবর রাখেন?

রাজীব। অনন্তধাম থাইক্যা, হ্যাঁ আইছ্‌ল তো চাউলে লাইগ্যা! তা পরিমাণের কথা—

কালীধন। (ভদ্রলোকের প্রতি হেসে) ক-মণের কথা বলেছিলেন যেন আপনি?

রাজীব। আচ্ছা রও দেখি একবার খাতটা, লিখা তো রাখছিলাম।

[খাতায় মনোনিবেশ করে]

ভদ্রলোক। আমি মানে, এই গিয়ে আপনার একজন সাধারণ গেরস্ত লোক মশাই, বড্ড দায়ে পড়ে এসেছি। অবিশ্যি, আপনি দর যা চাইবেন আমি তাই দেব। তবে—এই কিছু চাল আমার চাই-ই।

কালীধন। (হাত উলটে) চাল কোথায় মশাই! দশ-বিশ বছরের বাঁধা খদ্দের তাদেরই বলে চাল দিতে পাচ্ছি নে, তার আপনি তো—না মশাই ও সুবিধে হবে না। আপনি বরং অন্য জায়গা দেখুন—কী কাণ্ড!

ভদ্রলোক। দেখুন দাম আমি—

কালীধন। আহা দামের কথা তুলছেন কেন অনর্থক ; দামের জন্যে তো আটকাচ্ছে না, আসলে চালই নেই।

ভদ্রলোক। চাল নেই তা হলে—

কালীধন। তা হলে দেখুন, অন্য জায়গা দেখুন।

ভদ্রলোক। বলুন কোথায় দেখব। এর আগে দু-পাঁচ দোকান যা দেখলাম, তাতে সবাই তো ওই এক কথাই বলে—চাল নেই। এখন আমি কী করি বলুন তো। আপনি বোধ হয় ঠিক বুঝতে পারছেন না আমার প্রয়োজনটা। গুচ্চার কাচ্চাবাচ্চা নিয়ে মশাই শহরে বাস। ঘরে এক দানা চাল নেই। আপনি বুঝতে পারছেন!

কালীধন। বুঝলাম মশাই, সব বুঝলাম। কিন্তু আমি তার কী করতে পারি বলুন!

ভদ্রলোক। (করজোড়ে) যা হয় একটা ব্যবস্থা করুন ; আপনি বাঙালি, আমিও বাঙালী।

কালীধন। তা দামের কথা বলছিলেন, কী দর দেবেন আপনি সেটা বলুন ; দেখি যদি অন্য কোনো দোকান থেকে বলে কয়ে জোগাড় করতে পারি।

ভদ্রলোক। দর—তা সে আপনি যা বলেন!

কালীধন। (হাতের পাঁচ আঙুল দেখিয়ে) দেখুন, দিতে পারবেন! হয় তো দেখি কারো ঘরে যদি চাল থাকে।

ভদ্রলোক। (বিস্মিতের ভঙ্গিতে) কত! প-ঞ্চা-শ টাকা।

রাজীব। (মুখ তুলে) অনর্থক কথা বাড়াও তুমি কালীধন। খ্যাদাইয়া দাও না, হুঁঃ।

কালীধন। (ভদ্রলোকের প্রতি) তবেই বুঝুন!

রাজীব। চাল খায়। বড় চাল খাউন্যা! চাল খাইতে আইছে। দুর্ভিক্ষের পোকামাকড় যত সব।

কালীধন। (ভদ্রলোকের প্রতি) দেখুন, দাম শুনেই চমকে উঠলেন তো! তা সে তো আমি আপনাকে আগেই বলেছি, যে আপনি চাল নিতে পারবেন না।

ভদ্রলোক। তাই বলে মশাই পঞ্চাশ!

রাজীব। আরে ষাট টাকা দরে মশায় সাধাসাধি, বোচ্চেন সাধাসাধি। আপনে তো পঞ্চাশ টাকা শুন্নাই চম্‌কাইয়া ওঠলেন।

কালীধন। (ভদ্রলোকের প্রতি হেসে) চাল চান অথচ দেখুন—

ভদ্রলোক। আপনি হাসছেন!

রাজীব। তো কি কাঁদবে নাকি! কী আশ্চর্য!

ভদ্রলোক। আগে ত্রিশ টাকা দরে নিইছি, এখন নয় পঁয়ত্রিশ, জোর চল্লিশই নিন। সের পনেরো চাল অন্তত আমায় দিন যে করে হোক, বড্ড ঠেকে গেছি।

রাজীব। আরে দ্যাহ কয় কী, য়্যাঁ, কয় কী! মানুষের ব্যবহার দেইখ্যা, আর—

কালীধন। (ভদ্রলোকের প্রতি) মাফ্ করবেন আমি পারব না।

ভদ্রলোক। (হাত জোড় করে) সের পনেরো চাল আমায় অন্তত—

রাজীব। দে দ্যাখ্‌ছ, বসপ্যার দিলে শুইব্যার চায়। আরে কালীধন, এগুলো কী মানুষ।

ভদ্রলোক। (ক্ষুব্ধ স্বরে রাজীবের প্রতি) আপনি চুপ করুন। অনেকক্ষণ থেকে আমি দেখছি আপনি—

রাজীব। দে দ্যাখ—আবার চোখ ভ্যাট্‌কায়! দেচে গলাটা ধইর‍্যা বার কইর‍্যা দোকান থিহ্যা রাখহরি। দেচে রাখহরি—

ভদ্রলোক। খুনে যেন কোথাকার। তোমায় আমি পুলিশে দেব, দাঁড়াও।

কালীধন। যান যান, আপনি বরং তাই ডেকে নিয়ে আসুন গিয়ে, যান যান।

ভদ্রলোক। (ক্ষোভের সুরে) অনন্তধাম থেকে লোক আসলে যত ইচ্ছে তত মণ চাল দিতে পারেন, কিন্তু

কালীধন। অনর্থক চেঁচাচ্ছেন। চাল নেই, চাল আপনি পাবেন না।

রাজীব। (খল হেসে) আরে এগুলা কি পাগল কি দ্যাখছ কালীধন, কয় বলে পুলিশ ডাকমু। (কালীধনকে উদ্দেশ করে ভদ্রলোককে) বলে পুলিশ ডাকমু। আরে কত জজ মেজিস্ট্রট এই বাবু ট্যাঁকে রাইখ্‌প্যার পারে তা নি জানো। আহাম্মক কোহানকার, তুমি দ্যাখাও পুলিশের ভয়!

(নেপথ্যে ‘মাগে’ ‘মাগো’ ধ্বনি! কালীধন ভুঁড়ি নাচিয়ে শুধু খ্যাক্ খ্যাক্ করে হাসে।)

ভদ্রলোক। (রেগে) আচ্ছা, যাচ্ছি আমি, কিন্তু এর কোনো প্রতিকার হয় কিনা আমি একবার—(হঠাৎ অসহায়ভাবে ভেঙে পড়ে)

[ কালীধন ভুঁড়ি নাচিয়ে হাসে ]

কিন্তু কী-ই বা করব!

[ প্রস্থান ]

রাজীব। (হিসেবের খাতাটার দিকে এক নজর তাকিয়ে) দুর্ভিক্ষের কাঙ্গালি যত সব, মরবার আইস্যা পড়ছে শহরে—দোকানের ফটকটা বন্ধ কইর‍্যা দেচে রাখহরি, বন্ধ কইর‍্যা দে।

[ নেপথ্যে সঙ্গে সঙ্গে ফটকের কোলাপর্সিবল্ গেট বন্ধ করার শব্দ— ঝড়ং-ঝড়ং-ঝড়ং-ঝড়ং-ঝড়ং-ঝড়ং-ঝট ]

(পটক্ষেপ)

## দ্বিতীয় দৃশ্য

একটা পার্কের অংশ। কোণে একখানা বেঞ্চ পাতা। ভেতরে কুড়ি-পঁচিশ জন ভিক্ষুক ভিড় করে বসে আছে। কলকণ্ঠে মুখর হয়ে আছে পরিবেশ। ভিড়ের মাঝখানে প্রধান, কুঞ্জ, রাধিকা ও বিনোদিনীকে দেখা যাচ্ছে। প্রধান একটা ছেঁড়া জামা সেলাই করছে। রাধিকা বসে বসে মাথার চুলে বিলি দিচ্ছে। কুঞ্জ গালে হাত দিয়ে বসে কী যেন ভাবছে। বিনোদিনীকে ফষ্টি নষ্টি করতে দেখা যাচ্ছে অন্য একজন ভিখারিনীর সঙ্গে। বস্তাবন্দী ঘর সংসার—মেটে হাঁড়ি, টিনের কৌটা—সব ছড়িয়ে পড়ে আছে ইতস্তত। বুড়ো-হাবড়া, জোয়ান, কিশোর শিশু—বিভিন্ন বয়সের নিঃস্ব জমায়েত হয়েছে এখানে, এদের ভেতরে কেউ কেউ কাঁদছে, কেউ হাসছে, কেউ বা তুমুল ঝগড়ায় মেতে উঠেছে। হৈ চৈ চেঁচামেচির মাঝখানে অডিটোরিমের ভেতর থেকে জনৈক সাহেবি পোশাক পরা প্রেস-ফটোগ্রাফার শিশু সন্তান কোলে জনৈক ভিখারিনীকে লক্ষ্য করে চেঁচিয়ে উঠল।

১ম ফটোগ্রাফার। বাঃ, ফাইন মডেল। (বন্ধুকে উদ্দেশ করে) মিস্টার মুখার্জ্জি, আরে এসো এসো, ক’খানা ছবি তুলে ফেলি। আমাদের কাগজের জন্যে। এমন মডেল তুমি চট করে পাবে না হে, এসো এসো।

(আর একজন প্রেস-ফটোগ্রাফার এগিয়ে গেল স্টেজের দিকে অডিটোরিয়াম থেকে।)

২য় ফটোগ্রাফার। দি আইডিয়া, দাঁড়াও আসছি।—দারুণ স্ট্রাইক করেছে তো হে তোমার মাথায়। আমি ভাবতেই পারিনি। ওঃ—

(দুজনে স্টেজের ওপরে গিয়ে উঠল। প্রথম ফটোগ্রাফার মঞ্চের সামনের দিকের বাঁ কোণ থেকে ক্যামেরাটা তুলে ধরে তাক করতে লাগল নিঃস্বদের দিকে।)

তুললে? ক’খানা?

১ম ফটোগ্রাফার। তুললাম, খানা দুয়েক তুললাম কিন্তু এক্সপোজারটা তেমন যেমন ভালো হল না বলে মনে হচ্ছে।

২য় ফটোগ্রাফার। কেন, ঠিক হল না?

১ ম ফটোগ্রাফার। কেমন যেন সন্দেহ হচ্ছে। আর শালী খালি নড়বে, খালি নড়বে, পোজিশন নিতেই দিলে না।

২য় ফটোগ্রাফার। আচ্ছা দাঁড়াও, আমি ঠিক করে দিচ্ছি। (ভিখিরিদের দিকে একটু এগিয়ে যায়) আর রয়, অনর্থক 'মব'-এর ছবি তুলে খামখা ফিলম নষ্ট করে কী হবে! তুমি বরং মডেল দেখে দেখে তোলো, আমি ঠিক করে দিচ্চি, কেমন! হ্যাঁ, তাই করো, দ্যাটস্ রাইট। (কচি ছেলে কোলে জনৈক ভিখারিনীর প্রতি) ওহে, তোমরা সব খাবার পেয়েছ, খাবার! মানে গিয়ে এই খিচুড়ি! খিচুড়ি পাওনি সব তোমরা!

ভিখারিনী। না তো!

২য় ফটোগ্রাফার। (বিস্মিতের ভঙ্গিতে) সে কী!

(ভিখারিনী মুখখানা করুণ করে ফটোগ্রাফারের দিকে হাত পেতে ধরে।)

১ম ফটোগ্রাফার। (ক্যামেরা ডাক করতে করতে) মুখার্জি!

২য় ফটোগ্রাফার। য়্যাঁ।

১ম ফটোগ্রাফার। একটুখানি হাসি ফোটাতে পারো, হাসি জাস্ট এ বিট অব স্মাইল্। দ্যাখো না ভাই চেষ্টা করে।

২য় ফটোগ্রাফার। হাসি!

১ম ফটোগ্রাফার। হ্যাঁ, হ্যাঁ, ছবিখানার তাহলে নাম দিতে পারি 'বাংলার ম্যাডোনা'।

২য় ফটোগ্রাফার। দি আইডিয়া, কাগজের সারকুলেশন তা হলে তো কাল দ্বিগুণ হে। ওঃ, 'বস' যা খুশি হবে তোমার ওপর মাইরি।

১ম ফটোগ্রাফার। খুব চমৎকার আইডিয়া, না?

২য় ফটোগ্রাফার। তবে, মাথা কার আবার দেখতে হবে তো!—কিন্তু হাসি এ আমি ফোটাই কী করে বলো তো?

১ম ফটোগ্রাফার। দ্যাখো না দ্যাখো না একটু চেষ্টা করে, জাস্ট এ বিট অব স্মাইল, দু-চারটে পয়সা-টয়সা চায় তো দাও না।

[ক্যামেরা তাক করতে থাক, ২য় ফটোগ্রাফার ভিখারিনীর দিকে এগিয়ে যায়।]

ভিখারিনী। আমার জন্যে নয় বাবু, এই কচি ছেলেটা! দয়া করো বাবা।

২য় ফটোগ্রাফার। (দরদভরে) পয়সা নেবে, পয়সা! এই নাও।

[পয়সা দেয়। পয়সা পেয়ে ভিখারিণীর মুখটা প্রসন্ন হয়ে ওঠে।]

২য় ফটোগ্রাফার। রয়!

১ম ফটোগ্রাফার। ও. কে!

২য় ফটোগ্রাফার। কী রকম, সাক্‌সেস্‌ফুল তো?

১ম ফটোগ্রাফার। মোস্ট লাইক্‌লি, দেখা যাক। (একটু এগিয়ে গিয়ে) তুমি যাও বাছা এইবার, যাও। যাও। পয়সা-টয়সা পেয়েছ তো। আচ্ছা যাও।

[ভিখারিনী সরে যায়।]

(করুণভাবে) রিয়েলি!—আচ্ছা মুখার্জি, দ্যাখো তো ভাই, এই ধরনের আর গোটা দুচ্চার মডেল—(হঠাৎ প্রধানকে দেখে) ইয়েস্ দ্যাট্ ওল্ড ম্যান, দাঁড় করাতে পারো ভাই ওকে একবার বলে কয়ে—দ্যাখোনা একটু চেষ্টা করে।

২য় ফটোগ্রাফার। কে, কাকে মীন করছ তুমি!

১ম ফটোগ্রাফার। আরো ঐ যে, বুড়ো লোকটা, জামা না কী সেলাই করছে বসে বসে!

২য় ফটোগ্রাফার। ও, দ্যাট্ গ্রেট্ প্যাট্রিয়ার্ক!

১ম ফটোগ্রাফার। বাঃ, বেড়ে নামকরণটি করেছ তো হে। গ্রেট প্যাট্রিয়ার্কই বটে। ফাইন নামকরণ হয়েছে। চল না দু একটা কথাবর্তা কয়ে দেখি বুড়োর সঙ্গে। (এগিয়ে গিয়ে প্রধানকে) হ্যাঁ হে, বলি বাড়ি কোথায় তোমার, বাড়ি!

প্রধান। জ্ঞেঁ-এ-এ বাড়ি! বাড়ি জ্ঞেঁ-এ-এ চিনতে পারবেন!

১ম ফটোগ্রাফার। হ্যাঁ, হ্যাঁ, কেন পারব না!

প্রধান। তা হলে বলি। বাড়ি আপনার গিয়ে হুই-ই আমিনপুর।

[হে হে করে হেসে]

১ম ফটোগ্রাফার। আমিনপুর?

প্রধান। আঁজ্ঞে।

১ম ফটোগ্রাফার। তা এখানে এসে তোমাদের সব থাকবার খাবার বেশ সুবিধে হয়েছে তো!

প্রধান। সুবিধে! আমাদের বাবু সুবিধে আর অসুবিধে!

১ম ফটোগ্রাফার। কেন? আচ্ছা দ্যাখো বাপু, এই তুমি একটুখানি উঠে দাঁড়াতে পারো?

প্রধান। উঠে দাঁড়াব বলছেন!

১ম ফটোগ্রাফার। হ্যাঁ, হ্যাঁ, একটুখানি, মানে একটা ছবি তুলব কি না?

প্রধান। ছবি!

১ম ফটোগ্রাফার। হ্যাঁ ছবি, যেমন—

প্রধান। ছবি কিসের বাবু?

১ম ফটোগ্রাফার। (মুখার্জির প্রতি) ডীল উইথ্ হিম।

২য় ফটোগ্রাফার। (প্রধানের প্রতি) কেন তোমার! কেমন সুন্দর খবরের কাগজে বেরুবে। খবরের কাগজের লোক কিনা আমরা!